সতত জ্যারোপণ, ধনুরাকর্ষণ, গুরুভারবহন, বলবানের সহিত মল্লযুদ্ধ, অতি উচ্চস্থান হইতে পতন, ধাবমান বৃষ, অশ্ব বা গজোষ্ট্রাদি দমনার্হ পশুর বলপূর্ব্বক বিধারণ, শিলাখণ্ড কাষ্ঠ বা নির্ঘাত নামক অস্ত্রবিশেষের সবলে নিক্ষেপ, শত্রুতাড়ন, অতি উচ্চৈঃস্বরে অধ্যয়ন, দ্রুতবেগে বা বহুদূরে গমন, সন্তরণ দ্বারা সুপ্রশস্ত নদী উত্তরণ,

স্ত্রীষু চাতিপ্রসক্তস্য রুক্ষাল্পপ্রমিতাশিনঃ।
উরো বিরুজ্যতেঽত্যর্থং ভিদ্যতেঽথ বিভজ্যতে ॥
প্রপীড্যেতে ততঃ পার্শ্বে শুষ্যত্যঙ্গং প্রবেপতে।
ক্রমাদ্বীর্য্যং বলং বর্ণো রুচিরগ্নিশ্চ হীয়তে ॥
জ্বরো ব্যথা মনোদৈন্যং বিড়্ভেদাগ্নিবধাবপি।
দুষ্টঃ শ্যাবঃ সুদুর্গন্ধঃ পীতো বিগ্রথিতো বহুঃ।
কাসমানস্য চাভীক্ষ্ণং কফঃ সাসৃক্ প্রবর্ত্ততে।
স ক্ষতী ক্ষীয়তেঽত্যর্থং তথা শুক্রৌজসোঃ ক্ষয়াৎ ॥১৬॥

বোদ্ধব্যম্। ব্যাধিভিরিতি উরঃক্ষতলক্ষণঃ অথবা ব্যাধির্বায়ুঃ, দোষা অপি ব্যাধি-শব্দং লভন্ত ইত্যাগমাদিতি জেজ্জটঃ। উরো বিরুজ্যতে ভজ্যত ইব, ভিদ্যতে বিদীর্য্যত ইব, বিভজ্যতে দ্বিধা ক্রিয়ত ইব ; বিদহ্যত ইতি পাঠান্তরমসঙ্গতং কারণাভাবাৎ টীকাকারৈরব্যাখ্যাতত্বাচ্চ। বীর্য্যং শক্তিঃ, বলং মাংসোপচয়ঃ, বিড়্ভেদোঽগ্নিবধাদপীতি পাঠান্তরেঽগ্নিবধাদ্ধেতোর্বিড়্ভেদো ভবতীত্যর্থঃ, অপি-শব্দাৎ ব্যাধিমহিম্না বিনাপি অগ্নিবধাদ্বিড়্ভেদো ভবতীত্যর্থঃ। দুষ্টো ব্যাপন্নঃ, তদেব বিবৃণোতি শ্যাব ইত্যাদি, বিগ্রথিতো বিশেষাদ্গ্রথিতো বিবদ্ধ ইতি জেজ্জটঃ। স পুরুষঃ ক্ষতী উরঃক্ষতবান্ ক্ষীয়তে ধাতুশোষমাপ্নোতি ন কেবলং ক্ষতাদেব ক্ষীয়তে কিং তর্হি স্ত্রীসেবাদিনা শুক্রৌজসোঃ ক্ষয়াদপীত্যাহ তথেত্যাদি ॥ ১৬ ॥

ধাবমান অশ্বের সহিত ধাবন, দূর লম্ফন ও শীঘ্র শীঘ্র নর্ত্তন, এই সকল কারণে এবং এই প্রকার অন্যান্য কঠোর কর্ম্মসাধন বশতঃ বক্ষঃস্থলে ক্ষত হইলে অথবা অত্যন্ত স্ত্রীসঙ্গম ও রুক্ষাল্পভোজন হেতু বায়ু কুপিত হওয়ায় ভয়ঙ্কর উরঃক্ষত রোগ উৎপন্ন হয়। এই রোগে বক্ষঃস্থল যেন ভগ্ন, বিদীর্ণ বা দ্বিধা বিভক্তবৎ বলিয়া বোধ হয় এবং পার্শ্বদ্বয়ে বেদনা, অঙ্গশোষ ও কম্প উপস্থিত হয়। ক্রমে বীর্য্য, বল, বর্ণ, রুচি ও অগ্নির হীনতা, জ্বর, ব্যথা, মনোদৈন্য, মলভেদ ও অগ্নির লোপ হইতে থাকে। কাসের সহিত পচা দুর্গন্ধ, শ্যাব বা পীতবর্ণ, গ্রন্থিল, সরক্ত কফ নিরন্তর বহু পরিমাণে নির্গত হয়। বিশেষতঃ স্ত্রী-সেবাদিদ্বারা শুক্রক্ষয় ও ওজঃ ক্ষয়হেতু উরঃক্ষত রোগী অত্যন্ত ক্ষীণ হইয়া থাকে ॥ ১৬ ॥

অব্যক্তলক্ষণং তস্য পূর্ব্বরূপমিতি স্মৃতম্ ॥ ১৭ ॥
উরোরুক্ শোণিতচ্ছর্দ্দিঃ কাসো বৈশেষিকঃ ক্ষতে।
ক্ষীণে সরক্তমূত্রত্বং পার্শ্বপৃষ্ঠকটীগ্রহঃ ॥ ১৮ ॥
অল্পলিঙ্গস্য দীপ্তাগ্নেঃ সাধ্যো বলবতো নবঃ।
পরিসংবৎসরো যাপ্যঃ সর্ব্বলিঙ্গন্তু বর্জ্জয়েৎ ॥ ১৯ ॥

ইতি শ্রীমাধবকরকৃতে নিদানে রাজযক্ষ্ম-ক্ষত-ক্ষীণাধিকারঃ।

পূর্ব্বরূপমাহ অব্যক্তমিত্যাদি স্পষ্টম্ ॥ ১৭ ॥

ক্ষতক্ষীণয়োরসাধারণলক্ষণমাহ উরোরুগিত্যাদি। বৈশেষিকো বিশিষ্টঃ কাসঃ, স চ বিশেষ উক্তঃ দুষ্টশ্রাবাদিকফলক্ষণসংযুক্তত্বং কিংবা বৈশেষিক উদ্ভূতঃ ক্ষত ইতি চ্ছেদঃ। ক্ষীণ ইতি ক্ষয় ইত্যর্থঃ ॥ ১৮ ॥

সাধ্যলক্ষণমাহ অল্পেত্যাদি স্পষ্টম্ ॥ ১৯ ॥

ইতি শ্রীবিজয়রক্ষিতকৃতে ব্যাখ্যামধুকোষে রাজযক্ষ্ম ক্ষত-ক্ষীণরোগ-নিদানম্।

উরঃক্ষত রোগ উৎপন্ন হইলে যে সমস্ত লক্ষণ প্রকাশিত হয়, উৎপন্ন হইবার পূর্ব্বেও সেই সকল লক্ষণই ঈষৎ ব্যক্ত হইয়া থাকে। সেই ঈষৎ ব্যক্ত লক্ষণকেই উরঃক্ষত রোগের পূর্ব্বরূপ বলে। জ্বরাদির ন্যায় ইহার স্বতন্ত্র পূর্ব্বরূপ নাই ॥ ১৭ ॥

উরঃক্ষত রোগীর বক্ষোবেদনা, রক্তবমন ও অতিশয় কাস হইতে থাকে। রোগী রক্ত, কফ, শুক্র ও সর্ব্বধাতুসার ওজঃ পদার্থের ক্ষয় হেতু ক্ষীণ হইলে তাহার সরক্ত প্রস্রাব এবং পার্শ্ব, পৃষ্ঠ ও কটিতে বেদনা জন্মে ॥ ১৮ ॥

অল্প লক্ষণাক্রান্ত দীপ্তাগ্নিসম্পন্ন বলবান্ ব্যক্তির অচিরোৎপন্ন উরঃক্ষত রোগ সাধ্য, বর্ষাতীত হইলে যাপ্য এবং সর্ব্বরূপসম্পন্ন হইলে অসাধ্য জানিবে (ক) ॥ ১৯ ॥

রাজযক্ষ্ম-ক্ষত-ক্ষীণনিদান সমাপ্ত।

(ক) যক্ষ্মারোগকে ইংরাজীতে (Phthisis) থাইসিস্ কহে। উরঃক্ষতের লক্ষণ ফুস্ফুসের ক্ষতের লক্ষণের সহিত ঐক্য হয়। ইহাকে ইংরাজীতে (Chronic Inflamation of Lungs,) বলে। শোষরোগকে ইংরাজীতে কন্জম্শন্ (Consumption) কহে।

কাসনিদানম্‌।

ধূমোপঘাতাদ্রসতস্তথৈব ব্যায়ামরুক্ষান্ননিষেবণাচ্চ।
বিমার্গগত্বাচ্চ হি ভোজনস্য বেগাবরোধাৎ ক্ষবথোস্তথৈব॥
প্রাণো হ্যুদানানুগতঃ প্রদুষ্টঃ সংভিন্নকাংস্যস্বনতুল্যঘোষঃ।
নিরেতি বক্ত্রাৎ সহসা সদোষো মনীষিভিঃ কাস ইতি প্রদিষ্টঃ॥ ১॥
পঞ্চ কাসাঃ স্মৃতা বাতপিত্তশ্লেষ্মক্ষতক্ষয়ৈঃ॥ ২॥

ক্ষয়রূপে কাসপাঠাৎ কাসাপেক্ষয়া চ ক্ষয়োৎপত্তিঃ, অতস্তদনন্তরং কাসনিদানমাহ ধূমোপঘাতাদিত্যাদি। ধূমেন মুখনাসাপ্রবিষ্টেনোপঘাতো ধূমোপঘাতঃ। রসত ইতি বাতেনোর্দ্ধং নীতাদামরসাৎ, রজস ইতি পাঠান্তরে মুখনাসাপ্রবিষ্টধূলেরিত্যর্থঃ। বিমার্গগত্বাচ্চ হি ভোজনস্যাতিদ্রুতাভ্যবহারাদিনা, চকারঃ সমুচ্চয়ে, হি পাদপূরণে। বেগাবরোধাদিতি পুরীষাদেস্তেন হি বায়ুরূর্দ্ধগঃ স্যাৎ। ক্ষবথোস্তথৈবেতি বেগাবরোধাদিতি সম্বন্ধঃ। প্রাণো বায়ুরুদানেন দুষ্টেনানুগতো বক্ত্রান্নিরেতি। স বায়ুঃ সংভিন্নকাংস্যপাত্রবৎ হতস্বনঃ কাস ইতি প্রদিষ্টঃ। সদোষঃ সকফপিত্তঃ, বাতিকপৈত্তিকাদিভেদাদ্ভিন্নঃ। এতেনৈব সমানস্থাননিদানাভ্যাং হিক্কাশ্বাসাভ্যামস্য ভেদঃ। ন হি তত্র বাতিকপৈত্তিকাদিভেদেন ব্যপদেশ ইতি গদাধরঃ। কসতি শিরঃকণ্ঠাদূর্দ্ধং গচ্ছতি চরতি বায়ুরিতি কাসঃ, কসগতিশাতনয়োরিত্যস্মাৎ কসনাৎ কাস ইতি চরকে পাঠঃ, কাসনং কাস ইতি বা, ভিন্নস্বরঃ কাসতি শুষ্কমেবেতি সুশ্রুতদর্শনাৎ॥ ১॥

মুখ ও নাসাপথে ধূম বা ধূলি প্রবেশ, বায়ু দ্বারা আমরসের ঊর্দ্ধগমন, ব্যায়াম, রুক্ষান্ন ভোজন, ভুক্তদ্রব্যের বিমার্গগমন অর্থাৎ দ্রুত ভোজনাদি হেতু আহারের শ্বাসপথে প্রবেশ, মলমূত্রাদির ও হাঁচির বেগরোধ, এই সকল কারণে কুপিত প্রাণবায়ু দুষ্ট উদানবায়ুর অনুগত ও কফপিত্তের সহিত মিলিত এবং ভগ্ন কাংস্যপাত্রের ন্যায় শব্দবিশিষ্ট হইয়া সহসা মুখ হইতে নির্গত হয়, ইহাকেই পণ্ডিতেরা কাসরোগ বলেন॥ ১॥

ক্ষয়ায়োপেক্ষিতাঃ সর্ব্বে বলিনশ্চোত্তরোত্তরম্ ॥ ৩ ॥
পূর্ব্বরূপং ভবেত্তেষাং শূকপূর্ণগলাস্যতা।
কণ্ঠে কণ্ডূশ্চ ভোজ্যানামবরোধশ্চ জায়তে ॥ ৪ ॥
হৃচ্ছঙ্খমূর্দ্ধোদরপার্শ্বশূলী ক্ষামাননঃ ক্ষীনবলস্বরৌজাঃ।
প্রসক্তবেগস্তু সমীরণেন ভিন্নস্বরঃ কাসতি শুষ্কমেব ॥৫॥
উরোবিদাহজ্বরবক্ত্রশোষৈরভ্যর্দ্দিতস্তিক্তমুখস্তৃষার্ত্তঃ।

পঞ্চকাসা ইতি সংখ্যেয়নির্দ্দেশাদেব সংখ্যায়াং লব্ধায়াং পঞ্চগ্রহণং জরাকাসস্য দোষজেষু চান্তর্ভূতস্যাধিকত্বনিরাসার্থম্ ॥ ২ ॥

পঞ্চানামপি ক্ষয়কারণত্বপ্রতিপাদনার্থমিতি। ক্ষয়ায় ধাতুক্ষয়ায় ॥ ৩ ॥

পূর্ব্বরূপমাহ। ভোজ্যানামবরোধ ইত্যরুচিরভ্যবহারাসামর্থ্যং বা ॥ ৪ ॥

বাতিককাসস্বরূপমাহ হৃদিত্যাদি। শঙ্খো ললাটৈকদেশঃ। ক্ষামাননঃ শুষ্কমুখো বাতেন শোষণাৎ। প্রসক্তবেগঃ সততকাসবেগঃ, শুষ্কমিতি শ্লেষ্মাদি-ষ্ঠীবনরহিতম্ ॥ ৫ ॥

বায়ু, পিত্ত, কফ, উরঃক্ষত ও ধাতুক্ষয় এই পাঁচ প্রকার কারণে পাঁচ প্রকার কাস উৎপন্ন হয়। এতদ্ব্যতীত জরানিবন্ধনও এক প্রকার কাস জন্মে, তাহা বাতাদি দোষজ কাসেরই অন্তর্ভূত জানিবে ॥ ৩ ॥

সকল প্রকার কাসই উপেক্ষিত অর্থাৎ অচিকিৎসিত হইলে ক্রমশঃ বলবান্ হইয়া শেষে ধাতুক্ষয়কারক হইয়া উঠে ॥ ৩ ॥

কাসরোগ উৎপন্ন হইবার পূর্ব্বে মুখ ও কণ্ঠদেশ যবাদির শূয়া দ্বারা ব্যাপ্ত বলিয়া অনুভূত হয় এবং গলার মধ্যে কণ্ডূ ও আহারদ্রব্য গিলিতে কণ্ঠে ব্যথা অনুভূত হইয়া থাকে ॥ ৪ ॥

বাতিক কাসে, হৃদয়, শঙ্খদেশ অর্থাৎ ললাটৈকদেশ, পার্শ্বদ্বয়, উদর ও মস্তকে শূলবৎ বেদনা, মুখের শুষ্কতা, বল, স্বর ও ওজঃপদার্থের ক্ষীণতা, নিরন্তর কাসবেগ, স্বরভঙ্গ ও শ্লেষ্মাদিরহিত শুষ্ক কাস এই সকল লক্ষণ উপস্থিত হয় ॥ ৫ ॥

পিত্তেন পীতানি বমেৎ কটূনি কাসেৎ সপাণ্ডুঃ পরিদহ্যমানঃ ॥৬॥
প্রলিপ্যমানেন মুখেন সীদন্ শিরোরুজার্ত্তঃ কফপূর্ণদেহঃ ।
অভক্তরুগ্‌গৌরবকণ্ডূযুক্তঃ কাসেদ্‌ভৃশং সান্দ্রকফঃ কফেন ॥৭॥

অতি ব্যবায়ভারাধ্বযুদ্ধাশ্বগজবিগ্রহৈঃ ।
রূক্ষস্যোরঃক্ষতং বায়ুর্গৃহীত্বা কাসমাচরেৎ ॥
স পূর্ব্বং কাসতে শুষ্কং ততঃ ষ্ঠীবেৎ সশোণিতম্ ।
কণ্ঠেন রুজতাত্যর্থং বিরুগ্নেনেব চোরসা ॥

পৈত্তিককাসমাহ উর ইত্যাদি। অভ্যদ্দিতঃ পীড়িতঃ ॥ ৬ ॥

কফজকাসমাহ প্রলিপ্যমানেনেত্যাদি। প্রলিপ্যমানেন শ্লেষ্মলিপ্তেন মুখেনোপলক্ষিতঃ, সীদন্ অবসাদযুক্তঃ, অভক্তরুগরুচিঃ ॥ ৭ ॥

ক্ষতকাসমাহ অতিব্যবায়েত্যাদি। বিগ্রহো বিধারণং যুদ্ধস্যোপাত্তত্বাৎ, নিগ্রহ ইতি পাঠে স এবার্থঃ। ততঃ ষ্ঠীবেৎ সশোণিতমিতি কাসাভিঘাতেন হৃদয়বিদারণাৎ, কণ্ঠেনেতি উপলক্ষণে তৃতীয়া। এবমুরসেতি বিরুগ্নেনেব ভগ্নেনেব, সূচীভিরিব তুদ্যমানেন শূলিনা চ দুঃখস্পর্শেন চোরসেতি সম্বন্ধঃ।

পৈত্তিক কাসে, হৃদয়ের দাহ, জ্বর, মুখের শোষ ও তিক্ততা, পিপাসা, পীতবর্ণ-কটুস্বাদ-বমন, দেহের পাণ্ডুবর্ণতা ও কাসকালে কণ্ঠদাহ এই সকল লক্ষণ লক্ষিত হয় ॥ ৬ ॥

শ্লৈষ্মিক কাসে, রোগী শ্লেষ্মলিপ্তমুখ, অবসন্ন, শিরোবেদনাযুক্ত, কফপূর্ণ দেহ, আহারবিমুখ, দেহভারাক্রান্ত ও কণ্ডূযুক্ত হয়, নিরন্তর বেগে কাসিতে থাকে এবং কাসের সময় অতিশয় ঘন কফ নির্গত হইয়া থাকে ॥ ৭ ॥

অতি মৈথুন, গুরুভার বহন, অধিক পথপর্য্যটন, যুদ্ধাশ্ব ও গজের বলপূর্ব্বক ধারণাদি এই সকল কারণে শরীর রুক্ষীভূত এবং বক্ষঃস্থল ও ফুস্‌ফুস্ ক্ষত হইলে বায়ু, সেই ক্ষতকে আশ্রয় করিয়া কাসরোগ উপস্থিত করে। এই কাসে প্রথমে শ্লেষ্মহীন শুষ্ককাস, পরে কাসাভিঘাতে

সূচীভিরিব তীক্ষ্ণাভিস্তুদ্যমানেন শূলিনা।
দুঃখস্পর্শেন শূলেন ভেদপীড়াভিতাপিনা॥
পর্ব্বভেদজ্বরশ্বাসতৃষ্ণাবৈস্বর্য্যপীড়িতঃ।
পারাবত ইবাকূজন্ কাসবেগাৎ ক্ষতোদ্ভবাৎ॥ ৮ ॥
বিষমাসাত্ম্যভোজ্যাতিব্যবায়াদ্বেগনিগ্রহাৎ।
ঘৃণিনাং শোচতাং নৃণাং ব্যাপন্নেঽগ্নৌ ত্রয়ো মলাঃ॥
কুপিতাঃ ক্ষয়জং কাসং কুর্য্যুর্দেহক্ষয়প্রদম্।
স গাত্রশূলজ্বরদাহমোহান্ প্রাণক্ষয়ঞ্চোপলভেত কাসী॥

দুঃখস্পর্শত্বং স্পর্শাসহত্বং শূলেনোপলক্ষিতঃ, তচ্চ পার্শ্বাদৌ বোধ্যং; বাগ্‌ভটেনাপি পঠ্যতে পার্শ্বশূলীতি; ভেদপীড়াভিতাপিনেতি শূলবিশেষণম্। পারাবত ইব কূজন্ ভবতীতি শেষঃ॥ ৮॥

ক্ষয়জকাসমাহ বিষমেত্যাদি। ঘৃণিনাং শোচতাং চাহারাভাবাৎ কুপিতেন বায়ুনাগ্নেরুপপ্লবাদ্দোষত্রয়প্রকোপ ইতি। ক্ষয়জমিতি শুক্রাদিধাতুক্ষয়জং ন তু রাজযক্ষ্মজং; ত্রিদোষজেঽপি রাজযক্ষ্মণি কাসঃ কফেনৈব ক্রিয়তে, যদুক্তং "কাসঃ কণ্ঠস্য চোধ্বংসো বিজ্ঞেয়ঃ কফকোপতঃ" ইতি, ক্ষয়জকাসস্তু ত্রিদোষজ ইতি। নন্বু কাসাদেব ক্ষয়ো জায়তে তৎ কথং ক্ষয়জকাস ইতি? উক্তং হি "কাসাৎ সংজায়তে ক্ষয়ঃ" ইতি, উচ্যতে, দৃষ্টৌ হি পরস্পরং ব্যক্তিভেদেন কার্য্যকারণভাবো বহুশো যথাতীসারার্শোঽগ্নিমান্দ্যাদয় ইতি। সগাত্রশূলেত্যাদি শ্লোকার্দ্ধস্য ক্ষয়জকাসমধ্যে পাঠোঽযুক্তঃ প্রতিভাতি, সুশ্রুতে ক্ষতজকাসে পঠিতত্বাৎ, ক্ষয়কাসশ্চাত্র চরকসুশ্রুতবাক্যাভ্যাং মেলয়িত্বা মাধবেন লিখিতঃ,

---

হৃদয় বিদারণ হেতু রক্তনিষ্ঠীবন হয়। কণ্ঠদেশে অত্যন্ত বেদনা, বক্ষঃস্থলে ভঙ্গবৎ ব্যথা, তীক্ষ্ণ সূচীবেধবৎ যন্ত্রণা ও শূলনিখাতবৎ অসহ্য যন্ত্রণা অনুভূত হয় এবং পার্শ্বাদি স্থানেও দুঃখস্পর্শ, ভঙ্গবৎ পীড়াদায়ক যন্ত্রণা উপস্থিত হয়। এতদ্ব্যতীত পর্ব্বভেদ, জ্বর, শ্বাস, তৃষ্ণা ও স্বরভঙ্গ এই সকল লক্ষণ লক্ষিত হইয়া থাকে। বিষম ও অননুকূল ভোজন, অতি-মৈথুন, মলমূত্রাদির বেগধারণ এবং আহার অভাবে আত্ম-ধিক্কার

শুষ্যন্ বিনিষ্ঠীবতি দুর্ব্বলস্তু প্রক্ষীণমাংসো রুধিরং সপূয়ম্।
তং সর্ব্বলিঙ্গং ভৃশদুশ্চিকিৎস্যং চিকিৎসিতজ্ঞাঃ ক্ষয়জং বদন্তি॥৯॥
ইত্যেষ ক্ষয়জঃ কাসঃ ক্ষীণানাং দেহনাশনঃ।
সাধ্যো বলবতাং বা স্যাদ্যাপ্যস্ত্বেবং ক্ষতোত্থিতঃ।
নবৌ কদাচিৎ সিধ্যেতামপি পাদগুণান্বিতৌ॥ ১০ ॥
স্থবিরাণাং জরাকাসঃ সর্ব্বো যাপ্যঃ প্রকীর্ত্তিতঃ।
ত্রীন্ পূর্ব্বান্ সাধয়েৎ সাধ্যান্ পথ্যৈর্যাপ্যাংস্তু যাপয়েৎ॥ ১১ ॥

ইতি শ্রীমাধবকরকৃতে নিদানে কাসনিদানম্।

উচ্যতে, সগাত্রশূলেত্যাদ্যনন্তরং ক্ষয়কাসঃ সুশ্রুতেন পঠিতঃ। তেন সগাত্রশূলেত্যাদিশ্লোকার্দ্ধস্য পরেণ সম্বন্ধাৎ ক্ষয়কাসলিঙ্গত্বমিতি মাধবস্যাভিপ্রায়ঃ, এতচ্চান্যে নানুমন্যন্তে যতঃ ক্ষতজকাসস্যাবস্থান্নামসাধ্যত্বখ্যাপনপরমেতদ্ব্যাখ্যাতং জেজ্জটেন, গয়দাসেনাপি ক্ষতজকাসরূপত্বেনেতি॥ ৯ ॥

পাদগুণান্বিতাবিতি বৈদ্যাদিচতুষ্পাদসম্পন্নৌ। স্থবিরাণাং বৃদ্ধানাং স্থবিরাণামিত্যুক্তেঽপি জরাশব্দোপাদানং জরানিমিত্তধাতুক্ষয়জ এব কাস যাপ্যঃ, অপচারজনিতদোষজস্তু সাধ্য ইতি বোধনার্থম্॥ ১০। ১১॥

ইতি শ্রীবিজয়রক্ষিতকৃতে ব্যাখ্যামধুকোষে কাসনিদানম্।

ও শোককরণ এই সকল কারণে পাচকাগ্নি বিকৃত হইলে, বাতাদি দোষত্রয় কুপিত হইয়া দেহক্ষয়কর ক্ষয়জ কাস উৎপাদন করে। এই ক্ষয়জনিত কাসে গাত্রশূল, জ্বর, দাহ, মূর্চ্ছা বা মৃত্যু পর্য্যন্তও উপস্থিত হয়। রোগী ক্রমশঃ শুষ্ক, দুর্ব্বল, ক্ষীণবল ও ক্ষীণমাংস হয় এবং কাসের সহিত পূয় ও রক্ত নিষ্ঠীবন করে। চিকিৎসকেরা এইরূপ সর্ব্বলক্ষণাক্রান্ত ক্ষয়কাসকে অতি দুশ্চিকিৎস্য বলিয়া বর্ণন করেন॥ ৯॥

ক্ষয়জ ও ক্ষতজ কাস ক্ষীণ ব্যক্তিদিগের দেহনাশ করে; কিন্তু রোগীর বল থাকিলে উভয়ই সাধ্য বা যাপ্য হইতে পারে। আর এই কাসদ্বয় যদি অচিরোৎপন্ন হয় এবং ভাগ্যক্রমে যদি সুচিকিৎসক,

হিক্কা-শ্বাসনিদানম্।

বিদাহিগুরুবিষ্টম্ভিরুক্ষাভিষ্যন্দিভোজনৈঃ।
শীতপানাশনস্থানরজোধূমাতপানিলৈঃ॥

সমাননিদানত্বাৎ কাসানন্তরং হিক্কাশ্বাসৌ। নন্বেতয়োঃ প্রায়স্তুল্যনিদান-চিকিৎসিতত্বেন একাধিকারে কথমনভিধানম্? উচ্যতে। যদি চ কাসশ্বাস-হিক্কানাং নিদানং সমানং তথাপি কাসস্য দোষভেদাদ্ভেদো যথা বাতিকঃ পৈত্তিকঃ শ্লৈষ্মিক ইত্যাদি। হিক্কাশ্বাসৌ তু কফবাতাত্মকাবেব। যদাহ দৃঢ়বলঃ "কফবাতাত্মকাবেতৌ পিত্তস্থানসমুদ্ভবৌ" ইতি। সুশ্রুতোঽপ্যাহ "বায়ুঃ কফেনানুগতঃ পঞ্চ হিক্কাঃ করোতি হি"। ভেদস্তনয়োঃ সম্প্রাপ্তিভেদাদ্বেগ-ক্রিয়াদিনা চ নতু কাসবদ্দোষভেদেন শ্বাসকাসাভ্যাং হিক্কায়াঃ স্বরতোঽপি ভেদঃ। পিত্তস্থানসমুদ্ভবাবিতি বিশেষণং সুশ্রুতমতে ক্ষুদ্রাং ন প্রাপ্নোতি

উপযুক্ত ঔষধ, উপযুক্ত পরিচারক ঘটে এবং রোগী যদি সত্ত্বলাদি যুক্ত হয়, তাহা হইলে কখন বা সুফল লাভ অর্থাৎ রোগের শান্তিও হইতে পারে॥ ১০ ॥

বৃদ্ধ ব্যক্তিদিগের জরানিবন্ধন যে কাস হয়, তাহাকে জরাকাস কহে। সর্ব্বপ্রকার জরাকাসই যাপ্য। বাতজ, পিত্তজ ও কফজ কাস সাধ্যভাবাপন্ন হইলে সুচিকিৎসাদি দ্বারা তাহাদিগকে প্রশমিত করিবে। কিন্তু যদি যাপ্যভাবাপন্ন হয় তাহা হইলে চিকিৎসা ও পথ্যাদি দ্বারা যাপিত রাখিবে। নতুবা তাহারা অসাধ্য হইয়া উঠিবে (ক)॥ ১১ ॥

ইতি কাস-নিদান সমাপ্ত।

বিদাহি গুরুপাক, বিষ্টম্ভজনক, রূক্ষ, কফজনক এবং শীতল দ্রব্যের পান ও ভোজন, শীতলস্থানে বাস, নাসিকাদি মধ্যে ধূলি ও ধূম প্রবেশ, আতপ ও প্রবল বায়ু সেবন, ধনুরাকর্ষণ, ব্যায়াম,

(ক) কাসরোগকে ইংরাজীতে (কফ) Cough ও (ব্রন্‌কাইটিজ্) Bronchitis কহে।

ব্যায়ামকর্ম্মভারাধ্ববেগাঘাতাপতর্পণৈঃ।
হিক্কা শ্বাসশ্চ কাসশ্চ নৃণাং সমুপজায়তে॥ ১ ॥
মুহুর্মুহুর্বায়ুরুদেতি সস্বনো যকৃৎপ্লিহান্ত্রাণি মুখাদিবাক্ষিপন্।
স ঘোষবানাশু হিনস্ত্যসূন্ যতস্ততস্তু হিক্কেত্যভিধীয়তে বুধৈঃ॥২॥
অন্নজাং যমলাং ক্ষুদ্রাং গম্ভীরাং মহতীং তথা।

সা হি জত্রুমূলাৎ প্রধাবিতেতি পঠ্যতে, চরকমতে তু ব্যপেতাং ন প্রাপ্নোতি, সাপি জত্রুমূলাদসন্ততেতি পঠ্যতে, তস্মাৎ পিত্তস্থানসমুদ্ভবাবিতি বিশেষণং ছত্রিণো গচ্ছন্তীতি ন্যায়েন বোধ্যম্। শীতশব্দঃ পানাদিভিস্ত্রিভিঃ সম্বধ্যতে। রজো ধূলিঃ, সা চ ধূমবন্নাসাদিপ্রবেশাৎ কারণম্। ব্যায়ামকর্ম্ম ধনুরাকর্ষণাদি-ব্যাপারঃ, বেগাঘাতো মলাদিবেগবিধারণং, অপতর্পণমনশনাদি, কাসশ্চোক্তো-হপ্যেকনিদানত্বপ্রতিপাদনার্থং পুনরভিহিত ইতি॥ ১ ॥

হিক্কানাং স্বরূপং নিরুক্তিঞ্চাহ মুহুর্ম্মুহুরিত্যাদি। বায়ুরত্র সোদানঃ প্রাণ ইত্যাহুঃ। উদেতি ঊর্দ্ধং গচ্ছতি। সস্বন ইতি হিগিতি শব্দবান্। ঊর্দ্ধগ-মনমেব বিশিনষ্টি, যকৃদিত্যাদি অত্র প্লিহো হ্রস্বেকারবান্ ছন্দোঽনুরোধাৎ। মুখাদিতি ল্যব্লোপে পঞ্চমী। তেন যকৃৎপ্লীহান্ত্রাণি মুখমানীয় নিঃসারয়-ন্নিবেত্যর্থঃ। স ইতি বায়ুর্হিনস্ত্যসূন্ ইতি হিক্কেতি নিরুক্তিঃ পৃষোদরাদিনা রূপসিদ্ধিঃ, হিগিতি কৃত্বা কায়তি শব্দায়তে ইতি হিক্কেতি শাব্দিকাঃ॥ ২ ॥

তাসাং ভেদং সংপ্রাপ্তিঞ্চাহ অন্নজামিত্যাদি। যমলৈব চরকে ব্যপেতেতি নাম্না পঠিতা। অন্নপানে ব্যপেতে পরিণতে জায়ত ইত্যতো হেতোঃ,

গুরুভার বহন, অধিক পথপর্য্যটন, মলমূত্রাদির বেগধারণ ও অনশনাদি অপতর্পণক্রিয়া এই সমস্ত কারণে হিক্কা, শ্বাস ও কাসরোগ উৎপন্ন হয়॥১॥

এই রোগে প্রাণ ও উদানবায়ু শব্দবিশিষ্ট অর্থাৎ হিক্ হিক্ শব্দ করিয়া মুহুর্মুহুঃ ঊর্দ্ধদিকে উত্থিত হয় এবং বায়ুনির্গমকালে এইরূপ বোধ হয়, যেন যকৃৎ, প্লীহা ও অন্ত্র সকল মুখ দিয়া বহির্গত হইয়া পড়িল। ইহা আশু প্রাণহিংসা ও হিক্ হিক্ শব্দ করে বলিয়া পণ্ডিতেরা ইহাকে হিক্কা বলিয়া থাকেন॥ ২ ॥

বায়ু কফানুগত হইয়া, অন্নজা, যমলা, ক্ষুদ্রা, গম্ভীরা ও মহতী নামে পাঁচ প্রকার হিক্কা উৎপাদন করে। হিক্কারোগ উৎপন্ন হইবার

বায়ুঃ কফেনানুগতঃ পঞ্চ হিক্কাঃ করোতি হি ॥ ৩ ॥
কণ্ঠোরসোর্গুরুত্বঞ্চ বদনস্থ কষায়তা।
হিক্কানাং পূর্ব্বরূপাণি কুক্ষেরাটোপ এব চ ॥ ৪ ॥
পানান্নৈরতিসংযুক্তৈঃ সহসা পীড়িতোঽনিলঃ।
হিক্কয়ত্যূর্দ্ধগো ভূত্বা তাং বিদ্যাদন্নজাং ভিষক্ ॥ ৫ ॥
চিরেণ যমলৈর্বেগৈর্যা হিক্কা সংপ্রবর্ত্ততে।
কম্পয়ন্তী শিরোগ্রীবং যমলাং তাং বিনির্দ্দিশেৎ ॥ ৬ ॥
বিকৃষ্টকালৈর্যা বেগৈর্মন্দৈঃ সমভিবর্ত্ততে।
ক্ষুদ্রিকা নাম সা হিক্কা জত্রুমূলাৎ প্রধাবিতা ॥ ৭ ॥

অস্তাঙ্কানুক্তমপি যমলবেগত্বং সুশ্রুতদর্শনাদ্ বিজ্ঞেয়ম্। অন্নজাদীনাং সাধ্যত্বেন প্রাশস্ত্যাৎ পূর্ব্বমভিধানম্ ॥ ৩ ॥

কণ্ঠেতি। বদনস্থ কষায়তা বাতাৎ ন তু কফান্মাধুর্য্যং ব্যাধিপ্রভাবাৎ ॥ ৪ ॥

পানান্নৈরিতি। হিক্কয়তি হিক্কাং করোতি ॥ ৫ ॥

চিরেণেতি। কম্পয়ন্তী শিরোগ্রীবমিত্যুপলক্ষণং, তেন চরকোক্ত প্রলাপ-মূর্চ্ছাবমিতৃষ্ণাবৈচিত্ত্যজৃম্ভাবিপ্লুতাক্ষত্বমুখশোষা বোধ্যা ইতি গয়দাসঃ ॥ ৬ ॥

বিকৃষ্টেতি। বিকৃষ্টকালৈশ্চিরেণ, জত্রুকণ্ঠোরসোঃ সন্ধিরিতি জেজ্জটঃ, জত্রু গ্রীবামূলং গ্রহণেন হৃদয়ক্লোমকণ্ঠগ্রহণমিতি গয়দাসঃ ॥ ৭ ॥

পূর্ব্বে কণ্ঠ ও বক্ষঃস্থলে ভারবোধ, মুখে কষায়াস্বাদ এবং কুক্ষিদেশে আটোপ অর্থাৎ গুড় গুড় ধ্বনি এই সকল লক্ষণ উপস্থিত হয় ॥ ৩ । ৪ ॥

অপরিমিত পান ও ভোজন দ্বারা বায়ু সহসা পীড়িত ও ঊর্দ্ধগত হইয়া যে হিক্কা উৎপাদন করে, তাহাকে অন্নজা হিক্কা কহে। যে হিক্কা মস্তক ও গ্রীবাদেশ কাঁপাইয়া বিলম্বে যমল অর্থাৎ যুগলবেগে প্রবর্ত্তিত হয়, তাহাকে যমলা হিক্কা বলে ॥ ৫ । ৬ ॥

যে হিক্কা, জত্রুমূল অর্থাৎ কণ্ঠ ও বক্ষঃস্থলের সন্ধি হইতে বিলম্বে মন্দ মন্দ বেগে উদ্গত হয়, তাহাকে ক্ষুদ্রিকা কহে। যে হিক্কা, নাভিস্থল

নাভিপ্রবৃত্তা যা হিক্কা ঘোরা গম্ভীরনাদিনী।
অনেকোপদ্রববতী গম্ভীরা নাম সা স্মৃতা ॥ ৮ ॥
মর্ম্মাণ্যুৎপীড়য়ন্তীব সততং যা প্রবর্ত্ততে।
মহাহিক্কেতি সা জ্ঞেয়া সর্ব্বগাত্রবিকম্পিনী ॥ ৯ ॥
আয়ম্যতে হিক্কতো যস্য দেহো
দৃষ্টিশ্চোর্দ্ধং নাম্যতে যস্য নিত্যম্।
ক্ষীণোঽন্নদ্বিট্ ক্ষৌতি যশ্চাতিমাত্রং
তৌ দ্বৌ চান্ত্যৌ বর্জ্জয়েদ্ধিক্কমানৌ ॥ ১০ ॥

নাভিপ্রবৃত্তেতি। নাভিতঃ প্রভৃতি সঞ্জাতা অতএবাস্যা গম্ভীরত্বং, অনেকোপদ্রববতী তৃষ্ণাজ্বরাদিযুক্তা ॥ ৮ ॥

মর্ম্মাণীতি। মর্ম্মাণি প্রধানানি বস্তিহৃদয়শিরাংসি ॥ ৯ ॥

অবস্থায়ামসাধ্যত্বমাহ আয়ম্যত ইতি। আয়ম্যতে বিস্তার্য্যতে ইব, দৃষ্টিশ্চোর্দ্ধং ভবতীতি শেষঃ। নাম্যতে আকুঞ্চ্যতে দেহ ইতি জেজ্জটগয়দাসৌ। তাম্যতীতি পাঠান্তরে মুহ্যতি হিক্কী, ক্ষৌতি হিক্কতি। তৌ দ্বাবিতি আয়ম্যত ইত্যাদিনা নিত্যমিত্যন্তেনৈকাবস্থো হিক্কী, ক্ষীণেত্যাদিনাতিমাত্রান্তেনাপরঃ, সাধ্যানামপি মধ্যে এবংবিধৌ বর্জ্জয়েদিত্যর্থঃ। গম্ভীরামহত্যোঃ স্বভাবাদেবাসাধ্যত্বমিতি তদ্যুক্তৌ হিক্কমানাবন্ত্যৌ শেষপঠিতাবসাধ্যৌ পাঠান্তরাণি ব্যাখ্যাবিশেষাশ্চ বিস্তরভয়ান্ন লিখিতাঃ ॥ ১০ ॥

হইতে উৎপন্ন হইয়া তৃষ্ণা ও জ্বরাদি নানা উপদ্রব ঘটাইয়া অতি ঘোর গম্ভীরস্বরে প্রবর্ত্তিত হয়, তাহাকে গম্ভীরা হিক্কা কহে ॥ ৭ । ৮ ॥

যে হিক্কা উদ্গত হইবার সময় সর্ব্বশরীর কম্পিত হয়; বোধ হয় যেন, বস্তি, হৃদয় ও মস্তক প্রভৃতি প্রধান প্রধান মর্ম্মস্থান সকল বিদীর্ণ হইয়া যাইতেছে, তাহাকে মহাহিক্কা কহে। এই হিক্কা নিরন্তর উদ্গত হইতে থাকে, ইহা সহজে সাম্য হয় না ॥ ৯ ॥

হিক্কার সময় যাহার সমস্ত দেহ বিস্তৃত বা আকুঞ্চিত হয় এবং দৃষ্টি ঊর্দ্ধগত হইয়া থাকে, তাহাকে অথবা যে রোগী ক্ষীণ, অন্নদ্বেষ্টা

অতিসঞ্চিতদোষস্য ভক্তচ্ছেদকৃশস্য চ।
ব্যাধিভিঃ ক্ষীণদেহস্য বৃদ্ধস্যাতিব্যবায়িনঃ ॥
আসাং যা সা সমুৎপন্না হিক্কা হন্ত্যাশু জীবিতম্ ॥ ১১ ॥
যমিকা চ প্রলাপার্ত্তিমোহতৃষ্ণাসমন্বিতা।
অক্ষীণশ্চাপ্যদীনশ্চ স্থিরধাত্বিন্দ্রিয়শ্চ যঃ ॥
তস্য সাধয়িতুং শক্যা যমিকা হন্ত্যতোঽন্যথা ॥ ১২ ॥

আসাং যা সেতি। আসাং সাধ্যহিক্কানাং মধ্যে যা অতিসঞ্চিতদোষাদের্ভবতি সা হন্তীতি যোজ্যং, অথবা আসামিতি পঞ্চবিধানামেব, তেন মহতীপ্রভৃতীনাঞ্চ স্বরূপেণ যদসাধ্যত্বমুক্তং তৎ প্রায়িকম্। যদাহ জতুকর্ণঃ "আদ্যাশ্চতস্রো দুঃসাধ্যাঃ, যমিকা মোহতৃষ্ণাবতঃ সত্যঃ প্রাণঘ্নৎ" ইতি ॥ ১১ ॥

যমিকেত্যাদি। যমিকা চেত্যনেন চকারাৎ ক্ষুদ্রা অন্নজা বা যা সাধ্যত্বেনোক্তা সা যমলৈর্বেগৈর্জায়মানা হন্তীতি যোজ্যম্। সৈবাক্ষীণাদেঃ সাধ্যা ভবতীত্যাহ অক্ষীণ ইত্যাদি। অক্ষীণো বলবান্, অদীনঃ প্রসন্নমনাঃ, অন্যে তু অন্নজাং যমলানিত্যাদি সুশ্রুতগ্রন্থপঠিতাং যমলাং যমিকাশব্দেন ব্যাচক্ষতে; তন্ন, যমিকা চ প্রলাপার্ত্তিরিত্যাদিশ্লোকশ্চরকে পঠিতঃ। তত্র যমলা যমিকানাম্না ন পঠিতৈব। হিক্কেতি যমিকা শব্দেনৈবার্থগত্যা ব্যপেতোচ্যতেতি চেন্ন তর্হি ব্যপেতা চ প্রলাপার্ত্তিরিত্যেবমভিদধ্যাৎ ॥ ১২ ॥

ও অতিমাত্র হিক্কাযুক্ত সেই রোগীকে কিংবা যে রোগী গম্ভীরা বা মহতী হিক্কা দ্বারা আক্রান্ত, সেই দুই প্রকার হিক্কারোগীকে গতাসু বলিয়া স্থির করিবে ॥ ১০ ॥

অতিসঞ্চিত বাতাদিদোষাক্রান্ত, অনাহারে বা বহুবিধ পীড়ায় ক্ষীণদেহ, বৃদ্ধ বা অতিমৈথুনশীল ব্যক্তিদিগের এই পঞ্চবিধ হিক্কার মধ্যে যে কোন হিক্কা উপস্থিত হইলেই আশু প্রাণনাশ হইয়া থাকে ॥ ১১ ॥

যমলাহিক্কায় প্রলাপ, দাহ, মূর্চ্ছা ও তৃষ্ণা উপস্থিত হইলে রোগীর জীবন সংশয়। কিন্তু যদি রোগী বলবান্, প্রসন্নমনা, স্থিরধাতু ও নৈসর্গিক ইন্দ্রিয়শক্তিযুক্ত হয়, তাহা হইলে এই যমলাও সাধ্য হইয়া থাকে। ইহার বিপরীত হইলে অসাধ্য জানিবে ॥ ১২ ॥

মহোর্দ্ধচ্ছিন্নতমকক্ষুদ্রভেদৈস্তু পঞ্চধা।
ভিদ্যতে স মহাব্যাধিঃ শ্বাস একো বিশেষতঃ ॥ ১৩ ॥
প্রাগ্রূপং তস্য হৃৎপীড়া শূলমাধ্মানমেব চ।
আনাহো বক্ত্রবৈরস্যং শঙ্খনিস্তোদ এব চ ॥ ১৪ ॥
যদা স্রোতাংসি সংরুধ্য মারুতঃ কফপূর্ব্বকঃ।
বিশ্বগ্ব্রজতি সংরুদ্ধস্তদা শ্বাসান্ করোতি সঃ ॥ ১৫ ॥
উদ্ধূয়মানবাতো যঃ শব্দবদ্দুঃখিতো নরঃ।

শ্বাসানাহ মহোর্দ্ধেত্যাদি। একো বিশেষত ইতি শ্বাসত্বেন এক এব সন্ বিশেষহেতুলিঙ্গভেদং প্রাপ্য পঞ্চধা ভিদ্যতে, পঞ্চসু শ্বাসত্বং, বেগবদূর্দ্ধবাতত্বং যদুক্তমন্যৈঃ "শ্বাসস্তু ভস্ত্রিকাধ্মানসমবাতোর্দ্ধগামিতা" ইতি। সংখ্যায়নির্দ্দেশাদেব পঞ্চপ্রকারত্বে সিদ্ধে পঞ্চবচনং তমকভেদস্য প্রতমকস্য পৃথক্ত্বসংখ্যানিরাসার্থম্ ॥ ১৩। ১৪ ॥

সম্প্রাপ্তিমাহ যদেত্যাদি। স্রোতাংসি হিক্কানির্দ্দিষ্টপ্রাণোদানবহানি। কফঃ পূর্ব্বং প্রধানং যস্য স তথা, তেনৈব কফেন রুদ্ধো বিমার্গগতিবিমার্গগত্বেন বিশ্বগ্ ব্রজতি বিশ্বগঞ্চতীতি, বিশ্বক্ সর্ব্বত ইত্যর্থঃ ॥ ১৫ ॥

যে সকল কারণে হিক্কারোগ উৎপন্ন হয়, সেই সকল কারণই প্রবলতর হইলে অতীব ভয়ঙ্কর শ্বাস ব্যাধি জন্মিয়া থাকে। সেই মহাব্যাধি, শ্বাস বিশেষ হেতু ও বিশেষ লক্ষণভেদে মহা, উর্দ্ধ, ছিন্ন, তমক ও ক্ষুদ্র এই পাঁচ প্রকার নামে অভিহিত হইয়া থাকে ॥ ১৩ ॥

শ্বাসরোগ উৎপন্ন হইবার পূর্ব্বে হৃৎপীড়া, শূল, উদরাধ্মান, আনাহ অর্থাৎ মলমূত্রের বিবদ্ধতা, মুখবিস্বাদ ও শঙ্খদেশে সূচীবেধবদ্‌বেদনা হইয়া থাকে ॥ ১৪ ॥

কফোল্বণ বায়ু যখন প্রাণ ও উদানবহ স্রোতঃ সকলকে রুদ্ধ করিয়া নিজে কফ কর্ত্তৃক অবরুদ্ধ অর্থাৎ বিমার্গগত হইয়া ইতস্ততঃ বিচরণ করে, তখনই শ্বাসরোগ উৎপন্ন হইয়া থাকে ॥ ১৫ ॥

উচ্চৈঃ শ্বসিতি সংরুদ্ধো মত্তর্ষভ ইবানিশম্।
প্রনষ্টজ্ঞানবিজ্ঞানস্তথা বিভ্রান্তলোচনঃ।
বিবৃতাক্ষ্যাননো বদ্ধমূত্রবর্চ্চা বিশীর্ণবাক্॥
দীনঃ প্রশ্বাসতশ্চাস্য দূরাদ্ বিজ্ঞায়তে ভৃশম্।
মহাশ্বাসোপসৃষ্টস্তু ক্ষিপ্রমেব বিপদ্যতে॥ ১৬॥
ঊর্দ্ধং শ্বসিতি যো দীর্ঘং ন চ প্রত্যাহরত্যধঃ।
শ্লেষ্মাবৃতমুখস্রোতা ক্রুদ্ধগন্ধবহার্দ্দিতঃ॥

উদ্ধূয়মানেত্যাদি। উদ্ধূয়মানবাতঃ উৎ ঊর্দ্ধং ধূয়মানো নীয়মানো বাতো যস্য স তথা শব্দবৎ সশব্দং যথা ভবতি, উচ্চৈর্দীর্ঘং, সংরুদ্ধো মত্তর্ষভ ইবেতি স্বরবিশেষজ্ঞানার্থময়ং দৃষ্টান্তঃ। জ্ঞানং শাস্ত্রং, বিজ্ঞানং তদর্থনিশ্চয়ঃ, বিভ্রান্তলোচনশ্চঞ্চলনেত্রঃ। বিবৃতে স্তব্ধে অক্ষ্যাননে যস্য স তথা, নেত্রস্য বিভ্রান্তস্তব্ধত্বে কালভেদাদিতি জেজ্জটঃ। বিশীর্ণবাক্ বক্তুমক্ষমঃ মন্দবচনো বা, দীনঃ ক্লান্তমনাঃ, হীনমিতি পাঠান্তরমযুক্তম্। দূরাদেব জ্ঞায়তে ভৃশমিত্যনুপপত্তেরিত্যাহুঃ॥ ১৬॥

ঊর্দ্ধমিত্যাদি। ঊর্দ্ধমিতি বিশেষপরং সর্ব্বশ্বাসানাং তথাবিধত্বাৎ। দীর্ঘমিতি দীর্ঘকালম্। ন চ প্রত্যাহরত্যধঃ ইতি ন শ্বাসমধঃকরোতি দীর্ঘকালমিত্যর্থঃ। শ্লেষ্মাবৃতমুখস্রোতা ইতি শ্লেষ্মণা আবৃতানি মুখং স্রোতাংসি চ যস্য স তথা,

---

মত্ত বৃষ সংরুদ্ধ হইলে, যেমন আস্ফালনপূর্ব্বক নিরন্তর শব্দ করে, মহাশ্বাসে বায়ু ঊর্দ্ধগত হওয়াতে, রোগীও অতিক্লিষ্ট হইয়া সেইরূপ সশব্দ দীর্ঘশ্বাস পরিত্যাগ করিতে থাকে। এই রোগে জ্ঞান-বিজ্ঞান নষ্ট, লোচনদ্বয় চঞ্চল ও বিস্তৃত, মুখ বিকৃত, মলমূত্র বিবদ্ধ, বাক্য বিশীর্ণ ও মনঃ ক্লান্ত হইয়া থাকে। মহাশ্বাসাক্রান্ত রোগীর শ্বাস-শব্দ দূর হইতে স্পষ্ট শুনিতে পাওয়া যায়। এই রোগে শীঘ্রই বিপদ্ ঘটিয়া থাকে॥ ১৬॥

ঊর্দ্ধশ্বাস রোগে রোগী যেরূপ দীর্ঘ ঊর্দ্ধশ্বাস গ্রহণ করে, সেরূপ বেগে অধঃশ্বাস পরিত্যাগ করিতে পারে না। তাহার মুখ ও

ঊর্দ্ধদৃষ্টির্ব্বিপশ্যংস্তু বিভ্রান্তাক্ষ ইতস্ততঃ।
প্রমুহ্যন্ বেদনার্ত্তশ্চ শুষ্কাস্যোঽরতিপীড়িতঃ।
ঊর্দ্ধশ্বাসে প্রকুপিতে হ্যধঃশ্বাসো নিরুধ্যতে।
মুহ্যতস্তাম্যতশ্চোর্দ্ধং শ্বাসস্তস্যৈব হন্ত্যসূন্ ॥ ১৭ ॥
যস্তু শ্বসিতি বিচ্ছিন্নং সর্ব্বপ্রাণেন পীড়িতঃ
ন বা শ্বসিতি দুঃখার্ত্তো মর্ম্মচ্ছেদরুগর্দ্দিতঃ ॥
আনাহস্বেদমূর্চ্ছার্ত্তো দহ্যমানেন বস্তিনা।

ক্রুদ্ধগন্ধবহার্দ্দিতঃ কুপিতবাতপীড়িতঃ, সমস্তপাঠে তু শ্লেষ্মাবৃতমুখস্রোতস্তেন ক্রুদ্ধো যো গন্ধবহস্তেনার্দ্দিতঃ, বিপশ্যংস্থিতস্তত ইতি ইতস্ততো বিকৃতিং পশ্যন্, "ঊর্দ্ধং শ্বসিতি যো দীর্ঘং ন চ প্রত্যাহরত্যধ" ইতি যদুক্তং তত্র হেতুমাহ ঊর্দ্ধশ্বাস ইত্যাদি। নিরুধ্যত ইতি হৃদয় এবাতিস্তম্ভিতঃ, অথবা শ্বাসো বাতঃ সোঽধো ন বর্ত্ততে ঊর্দ্ধং শ্বাসঃ ঊর্দ্ধশ্বাসঃ। তাম্যতো গ্লায়তো মুহ্যতশ্চাস্যন্ প্রাণান্ হন্তি নান্যথেতি ॥ ১৭ ॥

যস্ত্বিত্যাদি। বিচ্ছিন্নং সবিচ্ছেদং, সর্ব্বপ্রাণেন যাবদ্বলেন, ন বা শ্বসিতি শ্বাসং ন লভতে। মর্ম্মচ্ছেদরুগর্দ্দিত ইতি হৃদয়চ্ছেদবেদনয়া পীড়িতঃ। দহ্যমানেন বস্তিনা উপলক্ষিতঃ; এতেন বাতস্য পিত্তানুবন্ধো দর্শিতঃ। বিপ্লুতাক্ষশ্চলচ্চক্ষুঃ

স্রোতঃ সকল, শ্লেষ্ম দ্বারা আবৃত হওয়াতে বায়ু প্রকুপিত হইয়া বিশেষ যাতনা উপস্থিত করে। রোগী ঊর্দ্ধদৃষ্টি ও বিভ্রান্তলোচন হইয়া ইতস্ততঃ বিকৃতি দর্শন করিতে থাকে এবং মূর্চ্ছা, বেদনাবিশেষ, শুষ্কাস্যতা ও চিত্তবৈকল্যাদি উপদ্রবে উপদ্রুত হয়। এই রোগে ঊর্দ্ধশ্বাস প্রকুপিত হওয়ায়, অধঃশ্বাস রুদ্ধ হয়, তজ্জন্য রোগী গ্লানিযুক্ত ও মূর্চ্ছিত হইয়া প্রাণত্যাগ করে ॥ ১৭ ॥

ছিন্নশ্বাসে রোগী অতি কষ্টে বলপূর্ব্বক বিচ্ছিন্নভাবে অর্থাৎ মধ্যে মধ্যে থামিয়া থামিয়া শ্বাস গ্রহণ করে, কিংবা নিঃশ্বাস আকর্ষণ করিতেই পারে না। তজ্জন্যই অতীব দুঃখার্ত্ত ও হৃদয়চ্ছেদবৎ বেদনায় পীড়িত হয়। ইহাতে আনাহ, ঘর্ম্মোদ্গম, মূর্চ্ছা, বস্তিদাহ,

বিপ্লুতাক্ষঃ পরিক্ষীণঃ শ্বসন্ রক্তৈকলোচনঃ ॥
বিচেতাঃ পরিশুষ্কাস্যো বিবর্ণঃ প্রলপন্নরঃ।
ছিন্নশ্বাসেন বিচ্ছিন্নঃ স শীঘ্রং বিজহাত্যসূন্ ॥ ১৮ ॥
প্রতিলোমং যদা বায়ুঃ স্রোতাংসি প্রতিপদ্যতে।
গ্রীবাং শিরশ্চ সংগৃহ্য শ্লেষ্মাণং সমুদীর্য্য চ।
করোতি পীনসং তেন রুদ্ধো ঘুর্ঘুরকং তথা।
অতীবতীব্রবেগঞ্চ শ্বাসং প্রাণপ্রপীড়কম্ ॥
প্রতাম্যতি স বেগেন তৃষ্যতে সন্নিরুধ্যতে।
প্রমোহং কাসমানশ্চ স গচ্ছতি মুহুর্মুহুঃ।
শ্লেষ্মণ্যমুচ্যমানে তু ভৃশং ভবতি দুঃখিতঃ।
তস্যৈব চ বিমোক্ষান্তে মুহূর্ত্তং লভতে সুখম্।

অশ্রুপূর্ণচক্ষুর্বা, রক্তৈকলোচনত্বং ব্যাধিপ্রভাবাৎ, দোষাত্তু দ্বয়োরপি স্যাৎ। বিচেতা উদ্বিগ্নচিত্তঃ। বিচ্ছিন্নো বিমোক্ষিতসন্ধিবন্ধঃ পীড়িত ইত্যন্যে, বিহৃত ইতি পাঠান্তরম্ ॥ ১৮ ॥

প্রতিলোমমিত্যাদি। শ্লেষ্মাণং সমুদীর্য্য চ ইত্যনেন সামান্যসংপ্রাপ্তিলব্ধস্যাপি শ্লেষ্মণঃ পুনরভিধানাদিহ বিশেষণকারণত্বং বোধয়তি, তেন রুদ্ধঃ কফেনাবৃতঃ ঘুর্ঘুরকং কণ্ঠে ঘুর্ঘুরশব্দং প্রাণপ্রপীড়কং প্রাণাধিষ্ঠানহৃদয়প্রপীড়কং প্রতাম্যতি তমসি প্রবিশতীব, সন্নিরুধ্যতে নিশ্চেষ্টো ভবতীতি চক্রঃ, জেজ্জটস্তু সন্নিরুধ্যতে

নেত্রচাঞ্চল্য বা সজলনেত্রতা, দেহের ক্ষীণতা, চক্ষুর্দ্বয়মধ্যে কোন একটি চক্ষুর রক্তবর্ণতা অর্থাৎ ব্যাধিপ্রভাবেই এইরূপ ঘটিয়া থাকে, দোষ বশতঃ হইলে উভয় চক্ষুরই লৌহিত্য সম্ভব, উদ্বিগ্নচিত্ততা, মুখশোষ, বৈবর্ণ্য ও প্রলাপ, এই সকল উপদ্রব উপস্থিত হইয়া থাকে। ছিন্নশ্বাসপীড়িত রোগী শীঘ্রই প্রাণত্যাগ করে ॥ ১৮ ॥

তমকশ্বাসে বায়ু যখন প্রতিলোমভাবে স্রোতঃসমূহকে প্রাপ্ত হয়, তখন উহা গ্রীবা ও মস্তকে বেদনা জন্মাইয়া এবং শ্লেষ্মাকে

তথাস্যোদ্ধংসতে কণ্ঠঃ কৃচ্ছ্রাচ্ছক্লোতি ভাষিতুম্।
ন চাপি লভতে নিদ্রাং শয়ানঃ শ্বাসপীড়িতঃ।
পার্শ্বে তস্যাবগৃহ্লাতি শয়ানস্য সমীরণঃ।
আসীনো লভতে সৌখ্যমুষ্ণঞ্চৈবাভিনন্দতি।
উচ্ছ্রিতাক্ষো ললাটেন স্বিদ্যতা ভৃশমর্ত্তিমান্।
বিশুষ্কাস্যো মুহুঃশ্বাসো মুহুশ্চৈবাবধম্যতে।
মেঘাম্বুশীতপ্রাগ্বাতৈঃ শ্লেষ্মলৈশ্চ বিবর্দ্ধতে।
স যাপ্যস্তমকঃ শ্বাসঃ সাধ্যো বা স্যান্নবোত্থিতঃ॥ ১৯॥

শ্বাস ইতি তস্যৈবেতি শ্লেষ্মণঃ। সুখং সুখমিব, উদ্ধংসতে কণ্ডূয়তে, পার্শ্বে ইতি কর্ম্মপদং, অবগৃহ্লাতি পীড়য়তি, উষ্ণমভিনন্দতি বাতকফারব্ধত্বাৎ। উচ্ছ্রিতাক্ষ উচ্ছূনাক্ষঃ ললাটেনেতি উপলক্ষণে তৃতীয়া। অবধম্যতে গজারূঢ়স্যেব সর্ব্বগাত্রং চাল্যতে। তমকস্যেব পিত্তানুবন্ধত্বাৎ॥ ১৯॥

বর্দ্ধিত করিয়াও স্বয়ং সেই শ্লেষ্ম দ্বারা রুদ্ধ হইয়া পীনস এবং ঘুর ঘুর শব্দবিশিষ্ট হৃদয়বিদারক, অতীব তীব্রবেগবিশিষ্ট শ্বাস উৎপাদন করে। ইহাতে রোগী চতুর্দ্দিক অন্ধকারবৎ দর্শন করে, তৃষ্ণার্ত্ত হয় ও চেষ্টারহিত হইয়া থাকে। কাসিতে কাসিতে মুহুর্ম্মুহুঃ মূর্চ্ছা যায়, শ্লেষ্মা যতক্ষণ নির্গত না হয়, ততক্ষণ অতিশয় ক্লেশানুভব করে, নির্গত হইলে ক্ষণকাল সুখ বোধ করে। কণ্ঠে কণ্ডূয়ন অতি কষ্টে বাক্য কথন, অনিদ্রা, শয়ন করিলে শ্বাসযন্ত্রণা ও পার্শ্বদ্বয়ে বেদনা হইয়া থাকে। উপবেশন করিলে কিছু আরাম বোধ করে। তদ্ভিন্ন উষ্ণাভিলাষ, নয়নের স্ফীততা, ললাটে ঘর্ম্ম, যন্ত্রণার আতিশয্য, মুখের শুষ্কতা, মুহুর্ম্মুহুঃ শ্বাস ও গজারূঢ়ব্যক্তির ন্যায় সর্ব্বগাত্রের সঞ্চালন এই সকল লক্ষণ লক্ষিত হয়। এই তমকশ্বাস, মেঘ, বৃষ্টি, শীত ও পূর্ব্ববায়ু এবং শ্লেষ্মজনক দ্রব্য সমূহ

জ্বরমূর্চ্ছাপরীতস্য বিদ্যাৎ প্রতমকন্তু তম্ ॥ ২০ ॥
উদাবর্ত্তরজোজীর্ণক্লিন্নকায়নিরোধজঃ।
তমসা বর্দ্ধতেঽত্যর্থং শীতৈশ্চাশু প্রশাম্যতি।
মজ্জতস্তমসীবাস্য বিদ্যাৎ সন্তমকন্তু তম্ ॥ ২১ ॥
রুক্ষায়াসোদ্ভবঃ কোষ্ঠে ক্ষুদ্রো বাত উদীরয়ন্।
ক্ষুদ্রশ্বাসো ন সোঽত্যর্থং দুঃখেনাঙ্গপ্রবাধকঃ।

জ্বরাদিযোগেন প্রতমকসংজ্ঞামাহ জ্বরেত্যাদি। জ্বরমূর্চ্ছাভ্যাং পরীতো জ্বরমূর্চ্ছাপরীতঃ জ্বরেণ বা মূর্চ্ছা জ্বরমূর্চ্ছেতি জেজ্জটঃ ॥ ২০ ॥

এতস্যৈবাপরকারণং লক্ষণঞ্চাহ উদাবর্ত্তেতি। উদাবর্ত্তো রোগঃ, রজো ধূলিঃ, অজীর্ণমামাদি, ক্লিন্নং বিদগ্ধং, কায়ে বেগানাং নিরোধঃ কায়নিরোধঃ, অথবা ক্লিন্নকায়ো বৃদ্ধনর ইত্যাহুঃ। নিরোধো বেগনিরোধঃ, অথবা কুযোগিনাং কুম্ভকাদিরূপবাতনিরোধ ইতি জেজ্জটঃ। তমসা অন্ধকারেণ মানসদোষেণ বা। অত্যর্থমিতি ইতরকারণাপেক্ষয়া বিশেষেণ বাতকফারব্ধোঽপি, পিত্তসম্বন্ধাৎ শীতৈরুপশাম্যতীত্যাহুঃ। সংতমকঃ প্রতমক এবেতি, অন্যে তূদাবর্ত্তেত্যাদি প্রতমকস্য উপসর্গমাহুরিতি জেজ্জটঃ ॥ ২১ ॥

ক্ষুদ্রশ্বাসমাহ রুক্ষেত্যাদি। রুক্ষমন্নপানং, ক্ষুদ্রোঽল্পনিদানলিঙ্গঃ। উদীরয়ন্ ঊর্দ্ধং গচ্ছন্, ইতরে ঊর্দ্ধশ্বাসাদয়ঃ, স সাধ্য উক্তঃ ইতি চ্ছেদঃ। সর্ব্বে

দ্বারা বর্দ্ধিত হইয়া থাকে, ইহা যাপ্য রোগ, কিন্তু অচিরোৎপন্ন হইলে কখন কখন বা সাধ্যও হইয়া থাকে ॥ ১৯ ॥

তমকশ্বাসে জ্বর ও মূর্চ্ছা থাকিলে তাহাকে প্রতমক কহে ॥ ২০ ॥

উদাবর্ত্তরোগ, নাসিকাদি মধ্যে ধূলি প্রবেশ, আমাজীর্ণ এবং মল মূত্রাদির বেগরোধ এই সকল কারণেও প্রতমক শ্বাস উৎপন্ন হয়। এই শ্বাস তমোময় স্থানে অথবা তমোগুণে অত্যন্ত বৃদ্ধি প্রাপ্ত হয় এবং শীতলক্রিয়ায় প্রশমিত হইয়া থাকে। ইহাতে রোগী আপনাকে অন্ধকার প্রবিষ্টের ন্যায় বোধ করে। প্রতমকেরই অপর নাম সন্তমক ॥ ২১ ॥

রুক্ষদ্রব্য সেবন ও পরিশ্রম দ্বারা কোষ্ঠস্থিত বায়ু, কুপিত ও ঊর্দ্ধগত হইয়া শ্বাস রোগ উৎপাদন করে। অল্পহেতু ও

হিনস্তি ন স গাত্রাণি ন চ দুঃখো যথেতরে।
ন চ ভোজনপানানাং নিরুণদ্ধ্যুচিতাং গতিম্।
নেন্দ্রিয়াণাং ব্যথাং নাপি কাঞ্চদাপাদয়েদ্রুজম্।
স সাধ্য উক্তো বলিনঃ সর্ব্বে চাব্যক্তলক্ষণাঃ।
বাতাধিকো ভবেৎ ক্ষুদ্রস্তমকশ্চ কফাধিকঃ।
কফবাতাধিকঃ পিত্তসংসর্গাচ্ছিন্নসংজ্ঞকঃ।
শ্বাসো মারুতভূয়িষ্ঠো মহানূর্দ্ধস্তথা তমঃ।
ক্ষুদ্রঃ সাধ্যো মতস্তেষাং তমকঃ কৃচ্ছ্র উচ্যতে।
ত্রয়ঃ শ্বাসা ন সিধ্যন্তি তমকো দুর্ব্বলস্য চ ॥ ২২ ॥

মহাশ্বাসাদয়োঽব্যক্তলক্ষণাঃ সন্তঃ সাধ্যা ইতি যোজ্যম্। ত্রয়ঃ শ্বাসা ন সিধ্যন্তি মহোর্দ্ধচ্ছিন্নাঃ সম্পূর্ণলক্ষণা উপেক্ষণীয়াঃ ॥ ২২ ॥

অল্পলক্ষণাক্রান্ত বলিয়া ইহাকে ক্ষুদ্র শ্বাস কহে। মহাশ্বাসাদির ন্যায়, এই ক্ষুদ্র শ্বাস দেহের বিশেষ কষ্টদায়ক, কিন্তু প্রবাধক বা বিনাশক নহে। ইহা দ্বারা পান ভোজনের উচিত গতি রুদ্ধ হয় না এবং ইন্দ্রিয়াদিরও কোন প্রকার পীড়া বা যন্ত্রণা উৎপন্ন হয় না। রোগীর বল থাকিলে, এই ক্ষুদ্র শ্বাস এবং অনভিব্যক্ত লক্ষণাক্রান্ত সকল প্রকার শ্বাসই সাধ্য হইয়া থাকে। ক্ষুদ্রশ্বাসে বায়ুর আধিক্য, তমক শ্বাসে কফের আধিক্য এবং ছিন্নশ্বাসে কফবাতের আধিক্য ও পিত্তের সংসর্গ থাকে এবং মহাশ্বাস ও ঊর্দ্ধশ্বাসে বায়ুর অতি প্রকোপ দৃষ্ট হয়। যে পাঁচ প্রকার শ্বাসের উল্লেখ হইল, তন্মধ্যে ক্ষুদ্র শ্বাস অনায়াসসাধ্য, তমকশ্বাস কষ্টসাধ্য এবং মহাশ্বাস, ঊর্দ্ধশ্বাস ও ছিন্নশ্বাস সম্পূর্ণ লক্ষণযুক্ত হইলে অসাধ্য, আর দুর্ব্বল ব্যক্তির তমকশ্বাসও অসাধ্য জানিবে ॥ ২২ ॥

কামং প্রাণহরা রোগা বহবো ন তু তে তথা।
যথা হিক্কা চ শ্বাসশ্চ হরতঃ প্রাণমাশু চ॥ ২৩॥
ইতি শ্রীমাধবকরকৃতে নিদানে হিক্কাশ্বাসাধিকারঃ।

স্বরভেদনিদানম্।

অত্যুচ্চভাষণবিষাধ্যয়নাভিঘাত-
সংদূষণৈঃ প্রকুপিতাঃ পবনাদয়স্তু।
স্রোতঃসু তে স্বরবহেষু গতাঃ প্রতিষ্ঠাং
হন্যুঃ স্বরং ভবতি চাপি হি ষড়্বিধঃ সঃ॥

উপেক্ষণাসম্যগুপক্রমাভ্যাং হিক্কাশ্বাসয়োঃ শীঘ্রাবশ্যমারকত্বমাহ কামমিত্যাদি। কামমনুমতৌ, প্রাণহরাঃ সন্নিপাতাদয়ঃ, শেষং সুবোধমিতি॥ ২৩॥

ইতি শ্রীবিজয়রক্ষিতকৃতে ব্যাখ্যামধুকোষে হিক্কাশ্বাসনিদানম্।

প্রাণোদানদুষ্টিসাধর্ম্যাৎ শ্বাসেঽপি স্বরভেদো ভবতীতি শ্বাসানন্তরং স্বরভেদমাহ অত্যুচ্চভাষণেত্যাদি। অধ্যয়নং উচ্চৈর্বেদাদিপাঠঃ, অভিঘাতঃ কণ্ঠাদিদেশে লগুড়াদিভিরাঘাতঃ, এতৈঃ সংদূষণৈশ্চান্যৈর্যথাস্বং বাতাদিকোপনৈঃ।

সন্নিপাতজ্বরাদি এমন অনেক রোগ আছে, যাহারা উপেক্ষিত বা অসম্যক্ চিকিৎসিত হইলে প্রাণনাশ করিতে পারে সত্য, কিন্তু হিক্কা ও শ্বাস এই দুইটি পীড়া উপেক্ষিত বা অসম্যক্ চিকিৎসিত হইলে যেরূপ আশু প্রাণনাশক হয়, তাহারা সেরূপ নহে (ক)॥ ২৩॥

হিক্কাশ্বাস-নিদান সমাপ্ত।

অতি উচ্চৈঃস্বরে কথোপকথন ও বেদাদিপাঠ এবং বিষপান ও কণ্ঠদেশে আঘাত এই সকল কারণে ও এবংবিধ অন্য কারণে বাতাদি

(ক) হিক্কাকে ইংরাজীতে (হিকপ্) Hiccup এবং শ্বাসকে (য়্যাজ্‌মা) Asthma কহে।

বাতাদিভিঃ পৃথক্ সর্ব্বৈর্ম্মেদসা চ ক্ষয়েণ চ ॥ ১ ॥

বাতেন কৃষ্ণনয়নাননমূত্রবর্চ্চা

ভিন্নং শনৈর্বদতি গর্দ্দভবৎ স্বরঞ্চ ॥ ২ ॥

পিত্তেন পীতনয়নাননমূত্রবর্চ্চা

ব্রূয়াদ্গলেন স চ দাহসমন্বিতেন ॥ ৩ ॥

ব্রূয়াৎ কফেন সততং কফরুদ্ধকণ্ঠঃ

স্বল্পং শনৈর্বদতি চাপি দিবা বিশেষাৎ ॥ ৪ ॥

বিষস্ত সর্ব্বদোষপ্রকোপণমেব, স্রোতঃসু স্বরবহেষু চতুর্ষু। যদুক্তং সুশ্রুতে "দ্বাভ্যাং ঘোষং করোতি" ইতি ভাষণঘোষণয়োরল্পত্বমহত্ত্বাভ্যাং ভেদঃ। প্রতিষ্ঠাং স্থিতিং বৃদ্ধিং বা, স ইতি স্বরভেদঃ ষড়্বিধো বাতপিত্তকফ-সন্নিপাতক্ষয়মেদোজভেদাৎ ॥ ১ ॥

বাতেনেত্যাদি।—কৃষ্ণত্বং মূত্রাদিষু স্বরভেদারম্ভকদোষস্ত সর্ব্বাঙ্গব্যাপকত্বাৎ অর্শোবৎ। ভিন্নং ভিন্নস্বরং তদেবাহ গর্দ্দভবৎ স্বরঞ্চ, খরং নিষ্ঠুরং উদ্বেজকমিতি যাবৎ ॥ ২ ॥

পিত্তেনেতি গলেনেতি বিশেষ্যোপদর্শনং, দাহসমন্বিতেনেতি বিশেষণস্ত বিশেষ্যাধীনপ্রতীতত্বাৎ গলঃ সদাহো ভবতীত্যর্থঃ ॥ ৩ ॥

দিবা বিশেষাদিতি। দিনে সূর্য্যরশ্মিভিঃ কফস্ত মন্দীভাবাৎ বিশেষাদ্বিশিষ্টং বদতীত্যর্থঃ। দিবাবিশেষ ইতি পাঠান্তরে স এবার্থঃ ॥ ৪ ॥

দোষ প্রকুপিত হইয়া স্বরবহা ধমনী চতুষ্টয়ে অধিগত হইয়া স্বর নষ্ট করে। ইহাতেই স্বরভেদ রোগ উৎপন্ন হয়; স্বরভেদ ছয় প্রকার। যথা বাতিক, পৈত্তিক, শ্লৈষ্মিক, সান্নিপাতিক, মেদোজ ও ক্ষয়জ ॥ ১ ॥

বাতিক স্বরভেদে, মল, মূত্র, নয়ন ও আনন কৃষ্ণবর্ণ হয় এবং গর্দ্দভের ন্যায় কর্ণোদ্বেজক স্বর অল্পে অল্পে নির্গত হইয়া থাকে ॥ ২ ॥

পৈত্তিক স্বরভেদে মল, মূত্র, নয়ন ও আনন পীতবর্ণ হয় এবং বাক্য-কথনের সময় গলদেশে দাহ উপস্থিত হইয়া থাকে ॥ ৩ ॥

শ্লৈষ্মিক স্বরভেদে, কণ্ঠদেশ সতত শ্লেষ্ম দ্বারা রুদ্ধ থাকায় অতি অল্প অল্প বাক্য নিঃসৃত হয়, কিন্তু দিবাভাগে সূর্য্যরশ্মি দ্বারা কফের মন্দীভাব হওয়াতে রোগী অপেক্ষাকৃত ভালরূপ কথা কহিয়া থাকে ॥ ৪ ॥

সর্ব্বাত্মকে ভবতি সর্ব্ববিকারসম্পৎ
তঞ্চাপ্যসাধ্যমৃষয়ঃ স্বরভেদমাহুঃ ॥ ৫ ॥
ধূপ্যেত বাক্‌ক্ষয়কৃতে ক্ষয়মাপ্নুয়াচ্চ
বাগেষ চাপি হতবাক্ পরিবর্জ্জনীয়ঃ ॥ ৬ ॥
অন্তর্গতং স্বরমলক্ষ্যপদং চিরেণ
মেদোঽন্বয়াদ্বদতি দিগ্ধগলস্তৃষার্ত্তঃ ॥ ৭ ॥

সর্ব্ববিকারসম্পদিতি। উক্তবাতাদিস্বরভেদলিঙ্গযোগঃ, তঞ্চাপ্যসাধ্যমিতি অপিশব্দো ভিন্নক্রমে, অসাধ্যমপি তেন "সর্ব্বজে ক্ষয়জে চাপি প্রত্যাখ্যায়াচরেৎ ক্রিয়াম্" ইতি সুশ্রুতবচনমুপপন্নং ভবতীতি ॥ ৫ ॥

ধূপ্যেত বাগিতি। সধূমেব নির্গচ্ছন্তী বেদনয়ানুভূয়তে। ক্ষয়কৃত ইতি ধাতুক্ষয়কৃতস্বরভেদে, ক্ষয়মাপ্নুয়াচ্চ বাগিতি পদচ্ছেদঃ, এষ চ যদা হতবাগ্ ভবতি ওজঃক্ষয়াদ্বচনাক্ষমস্তদা ন সাধ্যতে, অন্যথা সাধ্যঃ, তেন প্রত্যাখ্যায় ক্রিয়াকরণমুপপন্নং ভবতি। এষু চাপীতপাঠে বাতাদিস্বরভেদেষু মধ্যে হতবাগসাধ্যঃ, কিন্ত্বয়ং পাঠষ্টীকাকারৈর্ন ব্যাখ্যাতঃ ॥ ৬ ॥

মেদোজলক্ষণমাহ। অন্তর্গতস্বরমিত্যাদিনা অন্তর্গতস্বরমিতি ক্রিয়াবিশেষণং, অন্তর্গতং স্বরমিতি পাঠে কণ্ঠস্যান্তর্গতং যথা ভবতি তথা স্বরং বচনং বদতীতি যোজ্যং, অন্তর্গলমিতি পাঠান্তরে গলস্যান্তরন্তর্গলং তদ্গতং স্বরং বদতীত্যর্থঃ। দিগ্ধগল ইতি শ্লেষ্মণা মেদসা বা লিপ্তগল ইত্যর্থঃ। তৃষার্ত্তো মেদোরুদ্ধস্রোতস্ত্বাৎ ॥ ৭ ॥

সান্নিপাতিক স্বরভেদে, উক্ত বাতাদি দোষত্রয়েরই লক্ষণ সকল প্রকাশিত হয়। এই স্বরভেদকে ঋষিগণ অসাধ্য কহিয়া থাকেন ॥ ৫ ॥

ধাতুক্ষয়জনিত স্বরভেদে বাক্য ক্ষয় প্রাপ্ত হয় এবং রোগীর বোধ হয়, যেন উহা ধূমের সহিত নির্গত হইতেছে, অর্থাৎ কণ্ঠদেশ হইতে ধূম নির্গমকালে যেরূপ বেদনা অনুভব হয়, বাক্যনিঃসরণকালে তদ্বদ্‌বেদনা অনুভূত হইয়া থাকে। ক্ষয়জনিত স্বরভেদরোগে রোগী যখন হতবাক্ অর্থাৎ বাক্যকথনে অসমর্থ হয়, তখন তাহাকে ত্যাগ করিবে ॥৬॥

মেদোজ স্বরভেদে, গলদেশ শ্লেষ্মা বা মেদো দ্বারা লিপ্ত হয়, সুতরাং রোগী কণ্ঠলগ্ন অস্পষ্ট বাক্য বহু বিলম্বে উচ্চারণ করে ও

ক্ষীণস্য বৃদ্ধস্য কৃশস্য বাপি চিরোত্থিতো যশ্চ সহোপজাতঃ।
মেদস্বিনঃ সর্ব্বসমুদ্ভবশ্চ স্বরাময়ো যো ন স সিদ্ধিমেতি ॥ ৮ ॥
ইতি শ্রীমাধবকরকৃতে নিদানে স্বরভেদাধিকারঃ।

অরোচকনিদানম্।

বাতাদিভিঃ শোকভয়াতিলোভক্রোধৈর্ম্মনোঘ্নাশনরূপগন্ধৈঃ।
অরোচকাঃ স্যুঃ পরিহৃষ্টদন্তঃ কষায়বক্ত্রশ্চ মনোঽনিলেন ॥ ১ ॥

ক্ষীণস্যেত্যাদিনা সহোপজাত ইত্যন্তেন উক্তবাতাদিজানামেবাবস্থায়ামসাধ্যত্বমাহ ক্ষীণস্যেত্যাদি। ক্ষীণস্য ক্ষীণমাংসস্য, কৃশস্যাবলস্য, সহোপজাতঃ জন্মপ্রভৃতিবদ্ধঃ কাকস্বর ইতি লোকে, সহোপজাতঃ ইত্যত্র মদোপজাত ইতি পাঠান্তরং, মদো রোগবিশেষঃ। মেদস্বিনোঽতিস্থূলস্য মেদসাবৃতস্রোতস্তেন যো জাতঃ অমেদস্বিনস্তু মেদোবৃদ্ধ্যা জাতঃ সাধ্যঃ, স পূর্ব্বমুক্ত ইতি ন বিরোধঃ। সর্ব্বসমুদ্ভবশ্চাবগাঢ়ঃ সম্পূর্ণলিঙ্গো বা অসাধ্যো দ্রষ্টব্য ইতি ॥ ৮ ॥
ইতি শ্রীবিজয়রক্ষিতকৃতে ব্যাখ্যামধুকোষে স্বরভেদ-নিদানম্।

ঊর্দ্ধগবিকারসাধর্ম্ম্যাদরোচকমাহ বাতাদিভিরিত্যাদি। একৈকশো বাতাদিভিস্ত্রয়ঃ, সন্নিপাতেনৈকঃ, শোকাদিনা গন্ধান্তেনাগন্তুরেক এব গণনীয়ঃ, যতঃ পঞ্চানামেব লক্ষণং বক্ষ্যতি, সুশ্রুতেনোক্তং "ভক্তোপঘাতমিহ পঞ্চবিধং বদন্তি" ইতি। শোকাদিজস্তু যদ্যপি বাতাদিজঃ তথাপি হেতুপ্রত্যনীকচিকিৎসাকরণার্থং পৃথগুক্তঃ। অতিলোভোঽত্রাহিতস্য সততোপযোগহেতুতয়া দোষপ্রকোপ ইতি দর্শয়তি। অরোচকাঃ স্যুরিতি ছেদঃ। পরিহৃষ্টদন্ত ইতি অম্লভক্ষণেনেব ॥ ১ ॥

পিপাসায় কাতর হয়। দুর্ব্বল, বৃদ্ধ ও কৃশব্যক্তির স্বরভেদ, দীর্ঘকালোৎপন্ন স্বরভেদ, জন্মাবধিজাত স্বরভেদ, মেদস্বী অর্থাৎ অতি স্থূল ব্যক্তির স্বরভেদ এবং সর্ব্বলক্ষণাক্রান্ত সান্নিপাতিক স্বরভেদ অসাধ্য (ক) ॥ ৭ ॥
স্বরভেদ-নিদান সমাপ্ত।

অরোচক পাঁচ প্রকার। যথা বাতজ, পিত্তজ, শ্লেষ্মজ, সন্নিপাতজ এবং শোক, ভয়, অতিলোভ, অতিক্রোধ ও ঘৃণাজনক আহার,

(ক) স্বরভেদকে ইংরাজীতে (হোর্সনেস্) Hoarseness কহে।

কট্বম্লমুষ্ণং বিরসঞ্চ পূতি পিত্তেন বিদ্যাল্লবণঞ্চ বক্ত্রম্।
মাধুর্য্যপৈচ্ছিল্যগুরুত্বশৈত্যবিবদ্ধসংবদ্ধযুতং কফেন ॥ ২ ॥
অরোচকে শোকভয়াতিলোভক্রোধাদ্যহৃদ্যাশুচিগন্ধজে স্যাৎ।
স্বাভাবিকঞ্চাস্যমথারুচিশ্চ ত্রিদোষজে নৈকরসং ভবেত্ত ॥ ৩ ॥

কট্বিত্যাদি। কটুরত্র তিক্তবাচী, যদাহ বিদেহঃ "পিত্তেন তিক্তাস্যবিদাহকৃৎ স্যাৎ স্বাদ্বাস্যহৃল্লাসকরঃ কফেন"। লবণমিত্যাদি, কফজঃ, বিদগ্ধস্য শ্লেষ্মণো লবণরসত্বাৎ। উক্তং হি সুশ্রুতে "শ্লেষ্মা বিদগ্ধো লবণঃ স্মৃতঃ, পিত্তং বিদগ্ধমম্লম্" ইতি। বিবদ্ধসম্বদ্ধযুতঞ্চেতি বিবদ্ধং চ তৎ সম্বদ্ধযুতঞ্চেতি বিবদ্ধসম্বদ্ধযুতং, অত্র বিবদ্ধং বদ্ধমিব ভক্ষণাদ্যসামর্থ্যাৎ, সম্বদ্ধযুতং কফস্যেতি শেষঃ, ভাবে ক্তঃ, কফলিপ্তমিত্যর্থঃ; বিদগ্ধসম্বদ্ধযুতমিতি পাঠান্তরং সুগমং, বিনদ্ধসন্নদ্ধযুতমিতি পাঠে তু বিনদ্ধঃ সন্নদ্ধঃ স চ প্রকৃতত্বাৎ কফস্য সন্নদ্ধো বদ্ধঃ, ণহ বন্ধন ইত্যস্মাদ্ধাতোঃ পূর্ব্ববৎ ক্তাদি। বিবদ্ধসংস্তম্ভযুতমিতি কাশ্মীরাঃ ॥ ২ ॥

অরোচক ইত্যাদি। অহৃদ্যগন্ধো ঘ্রাণোদ্বেজকো গন্ধঃ, স্বাভাবিকঞ্চাস্যমিতি অবিকৃতমুখরসত্বং ন তু বাতাদিজবৎ কষায়ত্বাদি। ত্রিদোষজে নৈকরসমিতি বাতজাদ্যুক্তকষায়াদ্যনেকরসত্বম্ ॥ ৩ ॥

ঘৃণাজনক রূপ, ঘৃণাজনক গন্ধ এই সকল আগন্তুকারণে উৎপন্ন আগন্তুজ। তন্মধ্যে বাতজ অরোচকে মুখ কষায়রসবিশিষ্ট এবং দন্ত অম্লভোজনের ন্যায় হর্ষযুক্ত হইয়া থাকে ॥ ১ ॥

পৈত্তিক অরোচকে মুখ তিক্ত, অম্ল, বিস্বাদ, দুর্গন্ধ ও উষ্ণ এবং শ্লৈষ্মিক অরোচকে মুখ লবণ, মধুর, পিচ্ছিল, গুরু, শীতল, আহারাক্ষম ও কফলিপ্ত হইয়া থাকে ॥ ২ ॥

শোক, ভয়, অতি লোভ, ক্রোধাদি এবং অহৃদ্য ও অপবিত্র গন্ধ এই সকল আগন্তুক কারণজাত অরোচকে মুখ স্বাভাবিক রসবিশিষ্ট থাকে, অর্থাৎ আস্বাদের কোনরূপ ব্যতিক্রম ঘটে না, কিন্তু অরুচি হয়। ত্রিদোষজ অরোচকে মুখ একরূপ রসবিশিষ্ট

হৃচ্ছূলপীড়নযুতং পবনেন পিত্তাৎ
তৃড়্দাহচোষবহুলং সকফপ্রসেকম্।
শ্লেষ্মাত্মকং বহুরুজং বহুভিশ্চ বিদ্যাদ্-
বৈগুণ্যমোহজড়তাভিরথাপরঞ্চ ॥ ৪ ॥

ইতি শ্রীমাধবকরকৃতে নিদানে অরোচকাধিকারঃ।

বাতজাদিভেদেন মুখবিকৃতিমভিধায়ান্যদেশবিকৃতিমাহ হৃচ্ছূলমিতি। হৃদি শূলেন পীড়নং, চোষশ্চূষণবৎ পীড়া, বহুভিরিতি ত্রিদোষৈঃ। বৈগুণ্যমোহ-জড়তাভিরথাপরমিতি উপলক্ষণে তৃতীয়া, বৈগুণ্যং মনসো ব্যাকুলত্বং, অপর-মিতি দোষজাদন্যদাগন্তুজমিত্যর্থঃ। সত্যামপি বুভুক্ষায়াং অভ্যবহারাসামর্থ্য-মিত্যরুচিঃ, অভিলষিতমপ্যন্নং দীয়মানং নাভ্যবহরতীত্যনন্নাভিনন্দনং, অন্নস্য শ্রবণস্মরণদর্শনগন্ধস্পর্শ নৈর্যত্রোদ্বিজতে স ভক্তদ্বেষঃ; এবং ত্রিবিধোঽপি রোগশ্চরকসুশ্রুতাভ্যামরোচকশব্দেন গৃহীতঃ। উক্তং হি বৃদ্ধভোজেন "প্রক্ষিপ্তন্তু মুখে চান্নং জন্তোর্ন স্বদতে মুহুঃ। অরোচকঃ স বিজ্ঞেয়ো ভক্তদ্বেষমতঃ শৃণু। চিন্তয়িত্বা তু মনসা দৃষ্ট্বা শ্রুত্বা তু ভোজনম্। দ্বেষমায়াতি যো জন্তোর্ভক্তদ্বেষঃ স উচ্যতে। যস্য নান্নে ভবেৎ শ্রদ্ধা সোঽভক্তচ্ছন্দ উচ্যতে। কুপিতস্য ভয়ার্তস্য যশ্চ ভক্তনিরোধজঃ" ইতি॥ ৪। ৫॥

ইতি শ্রীবিজয়রক্ষিতকৃতে ব্যাখ্যামধুকোষে অরোচক-নিদানম্॥

থাকে না, বাতজাদি অরোচকোক্ত সকল প্রকার রসই উৎপন্ন হইয়া থাকে।

বাতজনিত অরোচকে হৃদয় শূলবেদনাযুক্ত, পৈত্তিক অরোচকে তৃষ্ণা, দাহ ও চূষণবৎ পীড়া, শ্লৈষ্মিক অরোচকে কফপ্রসেক এবং ত্রিদোষজ অরোচকে বাতজাদি ত্রিবিধ অরোচকেরই লক্ষণ সকল ঘটিয়া থাকে। আগন্তুজে অর্থাৎ শোকাদি আগন্তু কারণজাত অরোচকে ব্যাকুলচিত্ততা, মোহ ও জড়তা উপস্থিত হয় (ক)॥ ৪॥

অরোচক-নিদান সমাপ্ত।

(ক) অরোচককে ইংরাজীতে (অনোরেক্সিয়া) (Anorexia) কহে।

ছৰ্দ্দিনিদানম্।

দুষ্টৈর্দোষৈঃ পৃথক্ সর্ব্বৈর্বীভৎসালোচনাদিভিঃ।
ছর্দ্দয়ঃ পঞ্চ বিজ্ঞেয়াস্তাসাং লক্ষণমুচ্যতে॥
অতিদ্রবৈরতিস্নিগ্ধৈরহৃদ্যৈর্লবণৈরতি।
অকালে চাতিমাত্রৈশ্চ তথাসাত্ম্যৈশ্চ ভোজনৈঃ।
শ্রমাদ্ভয়াত্তথোদ্বেগাদজীর্ণাৎ ক্রিমিদোষতঃ।
নার্য্যাশ্চাপন্নসত্বায়াস্তথাতিদ্রুতমশ্নতঃ॥
বীভৎসৈর্হেতুভিশ্চান্যৈর্দ্রুতমুৎক্লেশিতো বলাৎ।
ছাদয়ত্যাননং বেগৈরর্দ্দয়ন্নঙ্গভঞ্জনৈঃ॥
নিরুচ্যতে চ্ছর্দ্দিরিতি দোষো বক্ত্রং প্রধাবিতঃ॥ ১॥

ছর্দ্দ্যামপ্যরুচের্ভাবাত্তথারোচকবৎ পঞ্চবিধত্বাদরোচকানন্তরং ছর্দ্দিস্তস্যা নিদানং নিরুক্তিঞ্চাহ দুষ্টৈরিত্যাদি। বীভৎসালোচনং বিকৃতিদর্শনং, আদিগ্রহণেনানিষ্ট-গন্ধভক্ষণাদীনাং গ্রহণম্। নার্য্যাশ্চাপন্নসত্বায়া ইতি গর্ভিণ্যাস্তস্যা গর্ভোৎপীড়নেন বাতবৈগুণ্যাৎ ছর্দ্দিঃ। ছাদয়ত্যাননমিত্যাদি। বেগৈর্মুখং ছাদয়ন্ পূরয়ন্, অর্দ্দয়ন্ পীড়য়ন্, অঙ্গভঞ্জনৈরঙ্গভেদৈঃ, ছাদয়তি মুখং, অর্দ্দয়তি চাঙ্গানীতি ছর্দ্দিঃ। ছদ অপবারণে, অর্দ্দ হিংসায়াং, অনয়োঃ পৃষোদরাদিত্বেন রূপসিদ্ধিঃ॥ ১॥

কুপিত বায়ু, পিত্ত, কফ ও মিলিত দোষত্রয় এবং বিকৃত বস্তু দর্শন, অপ্রিয় গন্ধ আঘ্রাণ ও অপ্রিয়বস্তু ভোজনাদি এই পঞ্চবিধ হেতুতে পঞ্চ প্রকার ছর্দ্দি (বমন রোগ) উৎপন্ন হয়। অতিদ্রব পান, অতিস্নিগ্ধ ভোজন, অহৃদ্য আহার, অধিক লবণ ভক্ষণ, অকালে ভোজন, অপরিমিত ভোজন, অসাত্ম্য ভোজন, দ্রুতভোজন এবং শ্রম, ভয়, উদ্বেগ, অজীর্ণ, ক্রিমিদোষ, গর্ভাবস্থা ও অপরাপর নানাবিধ বীভৎসহেতু এই সকল কারণে দোষ, শীঘ্র উৎক্লিষ্ট ও বেগে ধাবিত হইয়া মুখকে পীড়িত ও আচ্ছাদিত এবং অঙ্গে ভঙ্গবৎ পীড়া উৎপাদন করিয়া নির্গত হয়, ইহাকেই ছর্দ্দি (বমি) কহে॥ ১॥

হৃল্লাসোদ্গাররোধৌ চ প্রসেকো লবণস্তনুঃ।
দ্বেষোঽন্নপানে চ ভৃশং বমীনাং পূর্ব্বলক্ষণম্ ॥ ২ ॥
হৃৎপার্শ্বপীড়ামুখশোষশীর্ষনাভ্যর্ত্তিকাসস্বরভেদতোদৈঃ।
উদ্গারশব্দপ্রবলং সফেনং বিচ্ছিন্নকৃষ্ণং তনুকং কষায়ম্।
কৃচ্ছ্রেণ চাল্পং মহতা চ বেগেনার্ত্তোঽনিলাচ্ছর্দ্দয়তীহ দুঃখম্ ॥৩॥
মূর্চ্ছাপিপাসামুখশোষমূর্দ্ধতাল্বক্ষিসন্তাপতমোভ্রমার্ত্তঃ।
পীতং ভৃশোষ্ণং হরিতং সতিক্তং ধূম্রঞ্চ পিত্তেন বমেৎ সদাহম্ ॥৪॥

হৃল্লাসেত্যাদি। উদ্গাররোধঃ উদ্গারাপ্রবৃত্তিঃ, প্রসেকো মুখপ্রসেকঃ, আস্ত-লবণত্বং প্রভাবাৎ আমাশয়োৎক্লেশভবত্বেন কফবিদাহাদ্বা, তনুরঘনোঽল্পো বা ॥ ২ ॥

হৃৎপার্শ্বেত্যাদি। শীর্ষনাভ্যর্ত্তিঃ মস্তকে নাভৌ চ শূলং, তোদৈরিত্যনন্তরং যুক্ত ইতি শেষঃ, উপলক্ষণে বা তৃতীয়া। আর্ত্তো নরশ্ছর্দ্দয়তীতি যোজ্যম্। কিংভূতং ছর্দ্দয়তীত্যাহ উদ্গারেত্যাদি—উদ্গারশব্দাভ্যাং প্রবলং উদ্গারশব্দ-প্রবলং, বিচ্ছিন্নং সান্তরবেগং, অল্পদ্রবং বা, বাতস্য দ্রবত্বাভাবাৎ, তনুকং অঘনং, কষায়ং কষায়রসং কষায়স্য বাতকৃতত্বাৎ ॥ ৩ ॥

মূর্চ্ছেত্যাদি। তমোঽন্ধকারদর্শনমিব, ধূম্রং কৃষ্ণলোহিতবর্ণম্ ॥ ৪ ॥

বমি হইবার পূর্ব্বে হৃল্লাস, উদ্গার, মুখ হইতে লবণাক্ত পাতলা জলস্রাব ও পানাহারে নিরতিশয় বিদ্বেষ জন্মিয়া থাকে ॥ ২ ॥

বায়ুজনিত বমন রোগে হৃদয়ে ও পার্শ্বদেশে বেদনা, মুখশোষ, মস্তকে ও নাভিস্থলে শূল, কাস, স্বরভেদ ও অঙ্গে সূচীবেধবদ্‌বেদনা, এই সকল লক্ষণ প্রকাশিত হয় এবং রোগীর অতি কষ্টে মহাবেগে প্রবল উদ্গার ও প্রবল শব্দ সহকারে সফেন, বিচ্ছিন্ন, কৃষ্ণবর্ণ, পাতলা, কষায়রসবিশিষ্ট অল্পমাত্র পদার্থ বমন হইয়া থাকে ॥ ৩ ॥

পিত্তজনিত বমিরোগে মূর্চ্ছা, পিপাসা, মুখশোষ, মস্তক, তালু ও চক্ষুতে সন্তাপ, অন্ধকারদর্শন ও ভ্রম এই সকল লক্ষণ দৃষ্ট হয় এবং রোগী পীত, হরিত বা ধূম্রবর্ণ, সতিক্ত, অতি উষ্ণ পদার্থ বমন করে, বমনকালে কণ্ঠাদি স্থান জ্বালা করে ॥ ৪ ॥

তন্দ্রাস্যমাধুর্য্যককপ্রসেকসন্তোষনিদ্রারুচিগৌরবার্ত্তঃ।
স্নিগ্ধং ঘনং স্বাদু কফাদ্বিশুদ্ধং সরোমহর্ষোঽল্পরুজং বমেত্তু ॥৫॥
শূলাবিপাকারুচিদাহতৃষ্ণাশ্বাসপ্রমোহপ্রবলা প্রসক্তম্।
ছর্দ্দিস্ত্রিদোষাল্লবণাম্লনীলসান্দ্রোষ্ণরক্তং বমতাং নৃণাং স্যাৎ ॥৬॥
বিট্স্বেদমূত্রাম্বুবহানি বায়ুঃ স্রোতাংসি সংরুধ্য যদোর্দ্ধমেতি।
উৎসন্নদোষস্য সমাচিতং তং দোষং সমুদ্ধূয় নরস্য কোষ্ঠাৎ ॥

তন্দ্রেত্যাদি। আস্যমাধুর্য্যং মুখস্য মধুররসত্বম্। সন্তোষ ইতি সন্তোষ ইব সন্তোষোঽনন্নাভিলাষ ইত্যর্থঃ, তৃপ্তো হি নান্নমভিলষতি; অরুচিরভ্যবহারাসামর্থ্যম্। স্বাদু মধুরং, বিশুদ্ধমতিশুভ্রং, সুশ্রুতে শুক্লং হিমং সান্দ্রং কফেনেতি পাঠাৎ ॥ ৫ ॥

শূলাদিভিঃ প্রমোহান্তৈঃ প্রবলা শূলাদিপ্রবলা, ছর্দ্দিঃ প্রসক্তং নিরন্তরং, ত্রিদোষাদিত্যত্র ত্রিদোষেতি পাঠান্তরে ত্রিদোষজেত্যর্থঃ ॥ ৬ ॥

অসাধ্যমাহ বিড়িত্যাদি। উৎসন্নদোষস্য উদ্গতদোষস্য। দোষমিতি পিত্তং কফং বা, স্বেদাদিকান্ তদ্দুষ্টান্ ধাতুমলান্, তদিতি যস্মাদ্বিড়াদিবাহি স্রোতো-

---

কফজনিত বমনরোগে তন্দ্রা, মুখমাধুর্য্য, কফপ্রসেক, সন্তোষ, নিদ্রা, অরুচি ও দেহের গুরুতা এই সকল লক্ষণ লক্ষিত হয়। রোগী, স্নিগ্ধ, ঘন, স্বাদু ও শুক্লবর্ণ পদার্থ বমন করে। বমনকালে শরীর রোমাঞ্চিত হইয়া থাকে, কফজ বমিতে অল্প যাতনা হয় ॥ ৫ ॥

ত্রিদোষজ বমন রোগে শূল, অপরিপাক, অরুচি দাহ, পিপাসা, শ্বাস ও মূর্চ্ছা, এই সকল লক্ষণ প্রবলভাবে প্রকাশিত হয় এবং রোগী, নিরন্তর অম্ল ও লবণরসযুক্ত নীল বা লোহিত বর্ণ, ঘন ও উষ্ণ পদার্থ বমন করিয়া থাকে ॥ ৬ ॥

কুপিত বায়ু যখন মল, মূত্র, স্বেদ ও অম্বুবহ স্রোতঃসকলকে রুদ্ধ করিয়া উর্দ্ধগত হয়, তখন সেই উদ্গতদোষাক্রান্ত রোগীর কোষ্ঠ হইতে পূর্ব্ব সঞ্চিত পিত্ত, কফ বা বাতদুষ্ট স্বেদাদি ধাতুমল সকল উর্দ্ধে নীয়মান হইয়া অতিবেগে উদ্গীরিত হইয়া থাকে

বিণ্মূত্রয়োস্তৎসমগন্ধবর্ণং তৃট্শ্বাসহিক্কার্ত্তিযুতং প্রসক্তম্।
প্রচ্ছর্দ্দয়েদ্দুষ্টমিহাতিবেগাত্তয়ার্দ্দিতশ্চাশু বিনাশমেতি ॥ ৭ ॥০
বীভৎসজা দৌহৃর্দজামজা চ অসাত্মজা চ ক্রিমিজা চ যা হি।
সা পঞ্চমী তাঞ্চ বিভাবয়েচ্চ দোষোচ্ছ্রয়েণৈব যথোক্তমাদৌ ॥৮॥

দুষ্টিস্ততোহেতোর্বিণ্মূত্রয়োঃ সমগন্ধবর্ণং ছর্দ্দয়তীতি যোজ্যং, ইয়ন্ত ছর্দ্দির্বিকৃতি-বিষমসমবায়ারব্ধা ত্রিদোষজেতি কেচিৎ, অন্যে ত্বাহুঃ সর্ব্বা এব ছর্দ্দয়ঃ প্রবলা এবংবিধাঃ সত্যোহসাধ্যাঃ স্যুরিতি ॥ ৭ ॥

আগন্তুজামাহ বীভৎসজেত্যাদি। দৌহৃর্দজা দৌহৃর্দলোভজা, আমজা অজীর্ণজা, অসাত্ম্যজা অসাত্ম্যভক্ষণজা, ক্রিমিজা কোষ্ঠক্রিমিসম্ভবা, বীভৎস-জেত্যাদিনা ক্রিমিজান্তেনৈকত্বেনৈবগণনীয়া আগন্তুজত্বসামান্যাৎ। সা পঞ্চমীতি দোষজাপেক্ষয়া সামান্যেনাগন্তুজৈবাগন্তুজ্বরবৎ। যদি তু বীভৎসজাপেক্ষয়া ক্রিমিজা পঞ্চমীতি গণ্যতে তদা তাঞ্চ বিভাবয়েৎ, দোষোচ্ছ্রয়েণৈবেত্যনেন ক্রিমিজায়া এব দোষসম্বন্ধঃ স্যাৎ। ততশ্চ বীভৎসজাদীনাং চিকিৎসোপযোগি-দোষসম্বন্ধো ন লভ্যতে, অন্যে তু তদ্দোষপরিহারার্থং সা পঞ্চমী তাশ্চেতি বহুবচনান্তং পঠন্তি। এবং সতি অন্তর্গণনয়া ন প্রয়োজনমস্তীত্যন্তর্গণনাং নাদ্রিয়ন্তে। কথং তত্র দোষোচ্ছ্রয়ো বিভাবনীয় ইত্যাহ যথোক্তমাদাবিত্যাদৌ বাতাদিলক্ষণেত্যর্থঃ ॥ ৮ ॥

এবং মলমূত্রাদিবাহি স্রোতঃসমূহের দুষ্টি হেতু ঐ বমনও মল-মূত্রের সমানগন্ধ ও বর্ণবিশিষ্ট হয়, এইরূপ বমনরোগাক্রান্ত ব্যক্তি তৃষ্ণা, শ্বাস ও হিক্কা দ্বারা পীড়িত এবং আশু বিনাশ প্রাপ্ত হইয়া থাকে ॥ ৭ ॥

বীভৎসজ অর্থাৎ ঘৃণাজনক হেতুসম্ভূত, দৌহৃদজ অর্থাৎ গর্ভিণীর অভিলাষজাত, আমজ অর্থাৎ অজীর্ণজন্য, অসাত্মজ অর্থাৎ অনভ্যস্ত বা অননুকূল দ্রব্য ভোজনজনিত ও ক্রিমিজন্য এই পাঁচ প্রকার বমি আগন্তুজ কারণে উৎপন্ন হয় বলিয়া ইহাদিগকে আগন্তুজ বমন কহে। অতএব পূর্ব্বোক্ত চারিপ্রকার এবং আগন্তুজ একপ্রকার, সমুদয়ে পাঁচপ্রকার বমনরোগের লক্ষণ কথিত হইয়াছে। আগন্তুজ বমনরোগে

শূলহৃল্লাসবহুলা ক্রিমিজা চ বিশেষতঃ।
ক্রিমিহৃদ্রোগতুল্যেন লক্ষণেন চ লক্ষিতা ॥ ৯ ॥
ক্ষীণস্য যা চ্ছর্দ্দিরতিপ্রসক্তা সোপদ্রবা শোণিতপূয়যুক্তা।
সচন্দ্রিকাং তাং প্রবদেদসাধ্যাং
সাধ্যাং চিকিৎসেন্নিরুপদ্রবাঞ্চ ॥ ১০ ॥

ইতি শ্রীমাধবকরকৃতে নিদানে ছর্দ্দ্যধিকারঃ।

ক্রিমিজায়া লক্ষণমাহ শূলেত্যাদি। ক্রিমিহৃদ্রোগতুল্যেন লক্ষণেন চ লক্ষিতেতি ক্রিমিহৃদ্রোগে ক্রিমিলক্ষণবৎ যৎ পীড়াদিকং তদস্যাং ভবতীত্যর্থঃ ॥ ৯ ॥

অসাধ্যলক্ষণমাহ ক্ষীণস্যেত্যাদি। সচন্দ্রিকামিতি মেদঃপ্রভৃতিধাতূনাং স্নেহঃ প্রবর্ত্তমানো ময়ূরপিচ্ছচন্দ্রিকাবৎ প্রতিভাতি। নিরুপদ্রবামিতি কাসাদ্যুপদ্রবরহিতাং, তদুক্তং "কাসঃ শ্বাসো জ্বরো হিক্কা তৃষ্ণা বৈচিত্ত্যমেব চ। হৃদ্রোগস্তমকশ্চৈব জ্ঞেয়াশ্ছর্দ্দেরুপদ্রবাঃ" ইতি ॥ ১০ ॥

ইতি শ্রীবিজয়রক্ষিতকৃতে ব্যাখ্যামধুকোষে ছর্দ্দিরোগনিদানম্।

বায়ু প্রভৃতি যে দোষের লক্ষণ লক্ষিত হইবে, তাহাকে সেই দোষাক্রান্ত জানিয়া চিকিৎসা করিবে ॥ ৮ ॥

ক্রিমিজ বমিতে অত্যন্ত শূল ও অধিক বমনবেগ এবং ক্রিমিজাত হৃদ্রোগের তুল্য লক্ষণ প্রকাশ পায় ॥ ৯ ॥

রোগী ক্ষীণদেহ এবং নিরন্তর সরক্তপূয় বা ময়ূরপুচ্ছের চন্দ্রিকা-সদৃশ দ্রব্য বমন করিলে এবং কাসাদি উপদ্রবযুক্ত হইলে উহা অসাধ্য জানিবে। উক্ত উপদ্রবরহিত হইলে সাধ্য হইতে পারে (ক) ॥ ১০ ॥

ছর্দ্দি-নিদান সমাপ্ত।

(ক) ছর্দ্দিকে ইংরাজীতে (ভমিটিং) Vomiting কহে।

তৃষ্ণানিদানম্।

ভয়শ্রমাভ্যাং বলসংক্ষয়াদ্বা ঊর্দ্ধঞ্চিতং পিত্তবিবর্দ্ধনৈশ্চ।
পিত্তং সবাতং কুপিতং নরাণাং তালুপ্রপন্নং জনয়েৎ পিপাসাম্ ॥
স্রোতঃস্বপাংবাহিষু দূষিতেষু দোষৈশ্চ তৃট্ সম্ভবতীহ জন্তোঃ ॥১॥
তিস্রঃ স্মৃতাস্তাঃ ক্ষতজা চতুর্থী ক্ষয়াত্তথান্যামসমুদ্ভবা চ।
ভক্তোদ্ভবা সপ্তমিকেতি তাসাং নিবোধ লিঙ্গান্যনুপূর্ব্বশস্তু ॥ ২ ॥
ক্ষামাস্যতা মারুতসম্ভবায়াং তোদস্তথা শঙ্খশিরঃসু চাপি।

ছর্দ্দেস্তৃষ্ণোপদ্রবত্বাচ্ছর্দ্দ্যনন্তরং তৃষ্ণানিদানং সম্প্রাপ্তিঞ্চাহ ভয়েত্যাদি। পিত্তবিবর্দ্ধনৈরিতি কট্বম্লোষ্ণাদিভিঃ ক্রোধোপবাসাদিভিশ্চ স্বস্থান এব সঞ্চিতং কুপিতঞ্চ পিত্তং বাতশ্চ ভয়শ্রমবলক্ষয়ৈঃ কুপিতং ঊর্দ্ধঞ্চিতং ঊর্দ্ধং প্রসরৎ পিপাসাং জনয়তি। তাল্বিত্যুপলক্ষণং ক্লোমাত্যপি বোধ্যং তস্য পিপাসাস্থানত্বে-নোক্তত্বাৎ। চরকেঽপ্যুক্তং "রসবাহিনীশ্চ ধমনীর্জিহ্বাগলতালুক্লোম্নঃ সংশোষ্য নৃণাং দেহে কুরুতস্তৃষ্ণামতিবলাং তৌ তু" ইতি। অন্নকফামজানাং সম্প্রাপ্তি-মাহ স্রোতঃস্বিত্যাদি। নন্ম অপাং বাহিম্বিতি বহুবচনং বিরুদ্ধং, দ্বে উদকবহে ইতি সুশ্রুতেনোক্তত্বাৎ, নৈবং তয়োরেবানেকপ্রতানযোগাদিতি। দোষৈরিতি অন্নকফামৈদুষ্টিকর্ত্তৃত্বাৎ দুষ্টদোষসম্বন্ধান্নাময়োরপি দোষত্বমিতি গদাধরঃ ॥ ১ ॥
তিস্র ইতি বাতাদিভিঃ প্রত্যেকম্। ক্ষতজেতি ক্ষতনিমিত্তব্রণিনাং যা ভবতীতি। চতুর্থীত্যনেনোক্তানাং চতসৃণাং সুখসাধ্যত্বং বোধয়তি, অন্যাসাস্তু কষ্টসাধ্যত্বম্ ॥ ২ ॥

ভয়, শ্রম বা বলক্ষয়াদি বাতপ্রকোপক হেতু দ্বারা অথবা কটু, অম্ল, ক্রোধ ও উপবাসাদি পিত্তবর্দ্ধক কারণে স্বস্থানসঞ্চিত কুপিত পিত্ত, বায়ুসহকারে ঊর্দ্ধপ্রসৃত এবং তালু ও ক্লোম নামক পিপাসার স্থানকে প্রাপ্ত হইয়া তৃষ্ণা উৎপাদন করে। জলবাহি স্রোতঃসকলও বাতাদিদোষ কর্ত্তৃক দূষিত হইলে পিপাসা জন্মিয়া থাকে। বাতজ, পিত্তজ, কফজ, ক্ষতজ, আমজ ও অন্নজ ভেদে তৃষ্ণা সাত প্রকার। যথাক্রমে ইহাদের লক্ষণ লিখিত হইতেছে ॥ ১। ২ ॥

স্রোতোনিরোধোধিরসঞ্চ বক্ত্রং শীতাভিরদ্ভিশ্চ বিবৃদ্ধিমেতি ॥৩॥
মূর্চ্ছান্নবিদ্বেষবিলাপদাহা রক্তেক্ষণত্বং প্রততশ্চ শোষঃ।
শীতাভিনন্দা মুখতিক্ততা চ পিত্তাত্মিকায়াং পরিদূয়নঞ্চ ॥৪॥
বাষ্পাবরোধাৎ কফসংবৃতেঽগ্নৌ তৃষ্ণা বলাসেন ভবেত্তথা তু।

ক্ষামাস্যতা শুষ্কদীনমুখত্বং স্রোতোনিরোধো রসাম্বুবাহিধমনীনিরোধঃ, শীতাভিরদ্ভিরিত্যনেন বায়োঃ শীতস্য শীতাম্বুনা বৃদ্ধিরিত্যনুপশয়নিদর্শনম্। চকারাৎ চরকোক্তনিদ্রানাশস্য গ্রহণম্। যদাহ চরকঃ "নিদ্রানাশঃ শিরসো ভ্রমস্তথা শুষ্কগলতালু" রিতি ॥ ৩ ॥

মূর্চ্ছেত্যাদিনা পিত্তজা। বিলাপোঽত্র প্রলাপঃ, প্রততশ্চ শোষঃ। অতীব-মহতী তৃষ্ণা, শীতাভিনন্দা শীতেচ্ছা, গুরোশ্চ হল্ ইত্যাকারপ্রত্যয়ঃ। পরিদূয়নমুপতাপঃ, পরিধূমনমিতি পাঠেঽন্তঃক্ষোভণং ধূমনির্গম ইব বা। চকারাৎ পীতবিণ্মূত্রত্বাদয়ো গ্রাহ্যাঃ ॥ ৪ ॥

বাষ্পেত্যাদি। স্বকারণকুপিতেন কফেন উপবিষ্টাদাচ্ছাদিতেঽন্তরগ্নৌ কফাবরুদ্ধবাষ্পেণ পাবকোষ্মণাধোগতেনাম্বুবহস্রোতঃশোষণাৎ কফজা তৃষ্ণা ভবতি। নন্থ কফেন তৃষ্ণানুপপন্না, কফস্য বৃদ্ধস্য কেবলদ্রবস্য পিপাসাকর্ত্তৃত্বা-যোগাৎ, বাতপিত্তয়োরেব তৃষ্ণাকর্ত্তৃত্বেনোক্তত্বাৎ। যদুক্তং "পিত্তং সবাতং কুপিতং নরাণাং" ইত্যাদি। চরকেঽপ্যুক্তং "নাগ্নের্ব্বিনা তষঃ পবনাদ্বা

বাতজ তৃষ্ণায় মুখের শুষ্কতা ও ম্লানত্ব, শঙ্খ (ললাট) দেশে ও মস্তকে সূচীবেধবদ্‌বেদনা, রস ও অম্বুবাহি স্রোতঃসকলের নিরোধ এবং মুখে বিকৃতাস্বাদ এই সকল লক্ষণ উপস্থিত হয়। শীতল জলপানে বাতজ তৃষ্ণার বৃদ্ধি হইয়া থাকে ॥ ৩ ॥

পিত্তজ তৃষ্ণায় মূর্চ্ছা, আহারের বিদ্বেষ, প্রলাপ, দাহ রক্তনেত্রতা, মহতী, তৃষ্ণা, শীতেচ্ছা, মুখতিক্ততা ও অনুতাপ এই সকল লক্ষণ প্রকাশিত হয় ॥ ৪ ॥

কফ, শীতল ও দ্রবপদার্থ, ইহা হইতে পিপাসার উৎপত্তি অসম্ভব। অতএব যে কারণে কফ হইতে পিপাসা জন্মে, তাহা লিখিত হইতেছে। জঠরাগ্নি কফ দ্বারা আচ্ছাদিত হইলে, জঠরোষ্মা

নিদ্রাগুরুত্বং মধুরাস্যতা চ তৃষ্ণার্দ্দিতঃ শুষ্যতি চাতিমাত্রম্ ॥ ৫ ॥
ক্ষতস্য রুক্‌শোণিতনির্গমাভ্যাং তৃষ্ণা চতুর্থী ক্ষতজা মতা তু ॥৬॥
রসক্ষয়াদ্যা ক্ষয়সম্ভবা সা ভয়াভিভূতশ্চ নিশাদিনেষু।
পেপীয়তেঽম্ভঃ স সুখং ন যাতি তাং সন্নিপাতাদিতি কেচিদাহুঃ।

তৌ হি শোষণে হেতু" ইতি। সুশ্রুতেঽপুক্তং "মত্তস্যাগ্নেয়বায়ব্যগুণাবম্বুবহানি তু। স্রোতাংসি শোষয়েয়াতাং ততস্তৃষ্ণা প্রবর্ত্ততে" ইতি। অত আহ তথেতি। উক্তপ্রকারেণ কফাদগ্নের্বাষ্পাবরোধাদিনা ন তু স্বগুণেন। অতএব চরকে কফজা তৃষ্ণা ন পঠিতৈব, সুশ্রুতেন তু চিকিৎসাভেদার্থং পঠিতা, হারীতেনাপি সপিত্তেন শ্লেষ্মণা তৃষ্ণা পঠিতা, ন তু কেবলেন, যদাহ "স্বাদ্বম্ললবণাজীর্ণৈঃ ক্রুদ্ধঃ শ্লেষ্মা সহোষ্মণা। প্রপদ্যাম্বুবহং স্রোতস্তৃষ্ণাং সংজনয়েন্নৃণাম্। শিরসো গৌরবং তন্দ্রা মাধুর্য্যং বদনস্য চ। ভক্তদ্বেষঃ প্রসেকশ্চ নিদ্রাধিক্যং তথৈব চ। এতৈর্লিঙ্গৈর্বিজানীয়াৎ তৃষ্ণাং কফসমুদ্ভবাম্" ইতি ॥ ৫ ॥

ক্ষতস্যেতি শস্ত্রাদিক্ষতযুক্তস্য ॥ ৬ ॥

ক্ষয়শব্দস্যানেকবিষয়ত্বাৎ ক্ষয়জং বিশেষয়ন্নাহ রসক্ষয়াদিত্যাদি। পেপীয়তে পুনঃ পুনঃ পিবতি। এতচ্চ বিশেষপরং সর্ব্বতৃষ্ণাসু তথাভূতত্বাৎ। যদাহ সুশ্রুতঃ "সততং যঃ পিবেদ্বারি ন তৃপ্তিমধিগচ্ছতি। পুনঃ কাঙ্ক্ষতি তোয়ঞ্চ তং তৃষ্ণার্দ্দিতমাদিশেৎ" ইতি। রসক্ষয়োক্তানি চ লক্ষণানি সুশ্রুতোক্তানি

অধোগত হইয়া জলবহস্রোতঃকে শুষ্ক করে, তাহাতেই পিপাসার উৎপত্তি হয়। কফজ তৃষ্ণায় নিদ্রাধিক্য, মুখে মিষ্টাস্বাদ ও দেহের অতিশয় শুষ্কতা উপস্থিত হইয়া থাকে ॥ ৫ ॥

